- দুই জুমলার মধ্যখানে হরফে আতফ থাকা স্থানে ব্যবহৃত হয়। যেমন:

قد أفلح التاجر الصادق، والعامل المتقن لعمله. اقرأ الدرس جيدا، ثم اكتب ما قرأته.

- মুনাদা এর পর ফাসেলা ব্যবহৃত হয়। যেমন :

يا محمد، عليك بالاجتهاد. أيها الناس، اسمعوا وعوا.

- উত্তর প্রদানের শব্দ نعم এর পরে ব্যবহৃত হয়। যেমন : نعم، إني أحب الله

- কোনো কিছুর প্রকারের মাঝে ব্যবহৃত হয়। যেমন :

للمركز أقسام : قسم تعليم القرآن الكريم للصغار والكبار، قسم الدبلوم في اللغة العربية، قسم الدبلوم العالي في اللغة العربية، قسم التخصص في اللغة العربية.

- কসম ও এর উত্তরের মাঝে ব্যবহৃত হয়। যেমন : والله، لأذهبنَّ إلى المدينة المنورة.

الفاصلة المنقوطة (;) সাধারণত বাংলায় এই চিহ্নকে বলা হয় 'সেমিকোলন'।

- প্রথম বাক্যটি যদি দ্বিতীয় বাক্যের কারণ হয়। যেমন :

أحب اللغة العربية؛ لأنها لغة القرآن الكريم ولغة سيد المرسلين.

- নিম্নবর্ণিত শব্দগুলোর পূর্বে সাধারণত সেমিকোলন বসে। শব্দগুলো হচ্ছে :

(لذلك، لأجل، لذا، ومن ثَمَّ، لِ، لأن، لأنه، حيث إن، ولذا...).

علامة الاستفهام (?) বাংলায় বলা হয় প্রশ্নবোধক বা 'জিজ্ঞাসা চিহ্ন'।

- প্রশ্নবোধক বাক্যের শেষে ব্যবহার করা হয়। যেমন : أين خالد؟ متى تقوم الصلاة؟

চাই প্রশ্নবোধক হরফ থাকুক বা না থাকুক। যেমন :

تذهب إلى المدينة المنورة؟ هل سافرت إلى مكة المكرمة؟

النقطتان الرأسيتان (:) বাংলায় বলা হয় 'কোলন'।

- القول শব্দের পরে ব্যবহৃত হয়। যেমন :

قال الأستاذ : إنه طالب مجتهد.

قال المدير : تبدأ الإجازة من بعد غد إن شاء الله.

- কোনো বিষয় এবং তার প্রকারের মাঝে ব্যবহৃত হয়। যেমন :

الكلمة لها ثلاثة أقسام : اسم، وفعل، وحرف.

- সংজ্ঞা বুঝায় এমন কিছুর পূর্বে। যেমন : الصلاة لغة : الدعاء

علامة التعجب (!) বাংলায় বলা হয় 'বিস্ময়চিহ্ন'।

- কোনো বাক্যে বিস্ময়, আনন্দ, আবেগ, দুঃখ, ভয়, ঘৃণা ইত্যাদি প্রকাশ পেলে সেই পদ বা বাক্যের শেষে বিস্ময় চিহ্ন বসে। যেমন :

والله هذا أمر عجيب! ، ما أجمل أيام الربيع! ، واحسرتاه! ، وا فرحتاه! النار النار!.

علامة التنصيص ("") 'উদ্ধৃতি চিহ্ন'।

- কোনো বক্তা বা লেখকের কথা বা উক্তি অবিকৃতভাবে তুলে ধরতে তার দুই পাশে এই চিহ্ন ব্যবহার করা হয়। যেমন :

قال رسول الله –صلى الله عليه وسلم–: "لا ضرر، ولا ضرار." "صوموا تصحوا."

الشرطة المائلة (/) 'বিকল্প চিহ্ন'। এই চিহ্নের অর্থ হচ্ছে 'অথবা'।

- কখনো কোনো বিষয় বা সংখ্যা লিখে বিকল্প হিসেবে অন্য শব্দ বা সংখার লেখার সময় এই চিহ্ন ব্যবহার করা হয়। যেমন : أريد أن أكون عالما/طبيبا

القوسان ( ) 'প্রথম বন্ধনী'।

সাধারণত বক্তব্যের কোনো বিশেষ শব্দ স্পষ্ট করতে অথবা সাল বা সংখ্যা লিখতে ব্যবহার করা হয়। যেমন :

الذهب الأسود (البترول) هو مصدر ثروة لبعض الدول.

وتوفي الإمام الشافعي –رحمه الله تعالى– سنة (٢٠٤هـ).

القوسان المربعان أو الحاصرتان « [ ] » 'তৃতীয় বন্ধনী'।

- সাধারণত বাক্যের বিষয় নয় এমন কোনো কিছু বাক্যে আনলে তা তৃতীয় বন্ধনীতে লেখা হয়। মুহাক্কিকরা কিতাবের ইবারতে কখনো অতিরিক্ত বিষয় লিখলে এই বন্ধনী ব্যবহার করেন।

القوسان المزهران ﴿﴾ 'সজ্জিত বন্ধনী' / 'পুষ্পবন্ধনী'

সাধারণত কুরআনুল কারিমের আয়াত উদ্বৃতিতে ব্যবহৃত হয়। যেমন:

﴿إنا أنزلناه قرآنا عربيا لعلكم تعقلون.﴾

علامة الحذف (...) 'বিলুপ্ত বা বর্জন চিহ্ন'।

সাধারণত রচনার অংশবিশেষ বাদ দিতে হলে বর্জন চিহ্ন ব্যবহার করা হয়। যেমন :

فلما رأيته قال لي... ودعاني إلى بيته.

التمرين والممارسة

استخدم علامات الترقيم المناسبة في الجمل التالية :

- ما أجمل الربيع
- هل قرأت القصة
- قال المعلم ... إن راشدا هو أنشطُ الطلبةِ اليوم ... لأنه أجاب عن معظم الأسئلة ..

اكتشف الخطأ في الجمل الآتية:

- قال الرسول صلى الله عليه وسلم: طَعامُ الاثنَيْنِ كافِي الثَّلاثَةِ؛ وطَعامُ الثَّلاثَةِ كافِي الأرْبَعَةِ[٥].
- كيف ذهبت إلى المدرسة.
- ما أروع القمر؟
- ذهبت أسماءُ إلى الطبيب، لأنها تعاني من الزكام.
- الشمس تزود الأرض بالحرارة والضوء؟
- هل تناولت الطعام!



ابن وابنة লেখার নিয়ম

ابن وابنة এর হামজা নিম্নবর্তী অবস্থায় বিলুপ্ত হবে :

১- যদি ابن وابنة দুটি নামের মাঝে হয়।

২- যদি ابن وابنة একবচন হয়।

৩- যদি দুই নামের মাঝে কোনো ভিন্ন শব্দ দিয়ে ফাসেলা সৃষ্টি না হয়।

৪- যদি ابن وابنة লাইনের শুরুতে না হয়। যেমন : محمد بن عبد الله، أحمد بن حنبل، عبد الله عمر

৫- যদি ابن وابنة হামজায়ে ইসতিফহামের পরে আসে। যেমন : أبنك هذا؟

৬- যদি ابن وابنة ইয়ায়ে নিদার পরে আসে। যেমন : يا بن عبد الله، يا بنة عبد الله، يا بن حنبل

৭- নাম জানা নেই এমন ব্যক্তি বুঝাতে ফুলান শব্দের মাঝে ابن وابنة এর আলিফ বিলুপ্ত হবে। যেমন : فلان بن فلان.

৮- দুই উপনামের মাঝে হলেও ابن وابنة এর আলিফ বিলুপ্ত হবে। যেমন : أبو بكر بن أبي قحافة



اسم এর হামজা লেখার নিয়ম

নিম্নবর্তী দুই হালতে ইসমুন এর হামজা বিলুপ্ত হবে। এছাড়া সর্বাবস্থায় ইসমুন এর হামজা লেখা হবে। তবে এই হামজা হামজায়ে ওয়াসলি। হামজায়ে কাতই নয়, তাই এই আলিফের উপরে বা নিচে ছোট হামজা হবে না। দুটি হালত হচ্ছে :

১- যদি ইসমুন এর শুরুতে হামজাতুল ইসতিফহাম আসে। যেমন : أسمك علي؟ এখানে আসল হচ্ছে أاسمك علي؟ হামজাতুল ইসতিফহাম আসায় আলিফকে বিলুপ্ত করা হয়েছে।

২- পূর্ণ বিসমিল্লাহ এর ইসমুন শব্দের হামজা বিলুপ্ত হবে। যেমন : بسم الله الرحمن الرحيم
যদি পূর্ণ বিসমিল্লাহ না হয়, অথবা এর সাথে অন্য কোনো কথা সংযুক্ত থাকে তাহলে ইসমুনের আলিফ উল্লেখ থাকবে। যেমন : نبدأ باسم الله الرحمن الرحيم، باسم مدير المركز نصدر هذا الحكم، باسم الله الرحمن الرحيم نفتتح لقاءنا

مئة লেখার নিয়ম

আরবিতে শতক বুঝাতে مئة শব্দ ব্যবহৃত হয়। তবে এই শব্দটি লিখতে অনেক সময় ভুল হয়ে যায়। কীভাবে লিখবে সেটি নিয়ে দ্বিধায় পড়তে হয়।


মূলত কুরআনে কারীমের 'রাসমুল খত' এর দৃষ্টিকোণ থেকে আলিফ বৃদ্ধি করে مائة লেখা হয়। কুরআনে যত স্থানে এই শব্দটি এসেছে, এভাবেই এসেছে। যেমন : بل لبثت مائة عام/ في كل سنبلة مائة حبة আলিফ বৃদ্ধি করে লেখার আরও একটি কারণ হচ্ছে, শুরুতে কুরআনে কারীমে কোনো নুকতা ছিল না। তাই فئة এবং مئة একই রকম হয়ে তিলাওয়াতে সমস্যা সৃষ্টি হওয়ার ভয় ছিল।

তবে ইমলার নিয়ম অনুযায়ী مئة অধিক বিশুদ্ধ। তাই ১৯৬৩ সালে মিশরের কায়রো আরবি ভাষা একাডেমি সাধারণ লেখায় আলিফ বিলুপ্ত করে مئة লেখার সিদ্ধান্ত গ্রহণ করে। এবং সেই সাথে তিন থেকে নয় পর্যন্ত সংখ্যা مئة এর সাথে মিলিয়ে লেখা বা আলাদা লেখার ক্ষেত্রে উভয়টিকেই বিশুদ্ধ বলে মত প্রকাশ করে। যেমন : ثلاث مئة أو ثلاثمئة، تسع مئة أو تسعمئة

এখানে আমরা সংক্ষিপ্ত পরিসরে ইমলার প্রয়োজনীয় কিছু নিয়ম এবং লেখায় ব্যবহারের জন্য প্রয়োজনীয় যতিচিহ্ন নিয়ে আলোচনা করেছি। এগুলো খেয়াল রেখে লিখলে আশা করছি লেখা অনেক ভুলমুক্ত হবে ইনশাআল্লাহ।

ইমলার বিষয়গুলো সঠিকভাবে আত্মস্থ করতে হলে লিখে তা কোনো অভিজ্ঞ শিক্ষককে অবশ্যই দেখাতে হবে। শিক্ষকের কাটাচেরার মাধ্যমে ইমলার বিষয়ে ধীরে ধীরে ইতকান হাসিল হবে।





আরবি রচনা



مُحيي الدِّين الفارُوقي

خادمُ لغةِ القرآنِ والسُّنة

المقدمة


আরবি ভাষা শেখার ক্ষেত্রে ইনশা বা রচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। তালিবুল ইলমরা আরবিতে লেখার দক্ষতা ও যোগ্যতা অর্জন করার জন্য অনেক প্রত্যাশা ও স্বপ্ন লালন করে। মূলত ইনশা বা রচনা ভাষা এবং নিজের ভাব প্রকাশের ক্ষেত্রে মুকালামার পর দ্বিতীয় অন্যতম মাধ্যম।

ইনশার ক্ষেত্রে দুইটি দিক রয়েছে। যাকে আমরা ইনশার প্রকারও বলতে পারি। প্রথমটি হচ্ছে – **الإنشاء الإبداعي** বা সৃজনশীল রচনা। যাকে ইংরেজিতে বলা হয় "ফ্রীহ্যান্ড রাইটিং"। আর দ্বিতীয়টি হচ্ছে **الإنشاء الوظيفي** বা ব্যবহারিক রচনা।

الإنشاء الإبداعي এর সব বিষয় এই ক্ষুদ্র পরিসরে আলোচনা করা সম্ভব নয়। এটা নিরলস দীর্ঘ চর্চা ও মুমারাসার মাধ্যমে অর্জন করতে হয়। এর জন্য ধারাবাহিক পরিশ্রম করে যেতে হয়। তবে এখানে এ বিষয়ে কয়েকটি মৌলিক কথা ও দিকনির্দেশনা প্রদান করতে চেষ্টা করব। এবং আশা করি, সেভাবে চলতে থাকলে **الإنشاء الإبداعي** তে একটি সন্তোষজনক অবস্থানে পৌছা সহজ হবে ইনশাআল্লাহ।

অন্যদিকে **الإنشاء الوظيفي** হচ্ছে নির্দিষ্ট গদ। প্রকার অনুযায়ী হিফয করে তা রচনা করা যায়। তবে সেক্ষেত্রেও শ্রেষ্ঠত্ব অর্জন করতে নিরলস মেহনতের প্রয়োজন রয়েছে।

(أسأل الله لكم التوفيق والسداد)



الإنشاء الإبداعي

الإنشاء الإبداعي হচ্ছে সৃজনশীল রচনা। অর্থাৎ, যেখানে গতানুগতিকতা নয়; বরং নতুনত্ব থাকবে। সৃজনশীলতা থাকবে। **الإنشاء الإبداعي** তে ভালো করতে হলে নিচের নির্দেশনাগুলো মেনে সামনে অগ্রসর হতে হবে :

১- সহজ ও সুন্দরভাবে বাক্য গঠন করা শিখতে হবে।

২- অব্যবহৃত ও কঠিন শব্দ ব্যবহার থেকে বিরত থাকতে হবে।

৩- লেখাকে ত্রুটিমুক্ত করতে আরবি বানানরীতি শিখতে হবে।

৪- লেখায় সচেতনভাবে যতিচিহ্ন ব্যবহার করতে হবে।

৫- চিন্তা আসার সাথে সাথে ছোট কাগজ বা খাতায় লিখে রাখতে হবে।

৬- বাক্যগঠন করার পূর্বে বিষয়টি ভালোভাবে ভেবে নিতে হবে।

৭- ভালো লিখতে হলে অধিক পরিমাণে আরবি আদীবদের লেখা পড়তে হবে। পড়ার সময় সুন্দর শব্দ, বাক্য লিখে রাখতে হবে। যে যত বেশি পড়বে, তার লেখা তত সৃজনশীল হবে ইনশাআল্লাহ।

৮- নিজের লেখা অনুচ্ছেদ বা প্রবন্ধ বার বার পড়তে হবে। নিজেই নিজের লেখার কাটাচেরা করতে হবে। মূলত লেখালেখির ক্ষেত্রে কাটাচেরার কাঁটাবন পারি দেওয়া অনেক গুরুত্বপূর্ণ এক অধ্যায়।

৯- ভালো লেখেন, এমন কারো নিকট থেকে মাঝে মাঝে লেখা দেখিয়ে নিতে হবে।

১০- প্রতিদিন একটু একটু করে লিখতে হবে। আরবিতে রোজনামচা লেখার অভ্যাস করতে হবে।

লেখায় ব্যবহারের জন্য কিছু المركبات الشائعة:

লেখার শুরুটা আকর্ষণীয় ও সুন্দর হলে নিজের কাছে যেমন ভালো লাগে, তেমনি পাঠকও পড়তে আগ্রহবোধ করেন। তাই লেখার শুরুটা মানসম্মত হতে হবে। সে বিবেচনায় এখানে কিছু সূচনাবাক্য প্রদান করা হলো।

المقابل البنغالي	المركبات والكلمات الاستهلالية	رت
দুঃখের বিষয় হলো যে	من المؤسف أن	١
যেহেতু	حيثُ أن	٢
অপরদিকে, পক্ষান্তরে	من جانبٍ آخر	٣
আশ্চর্যের বিষয় যে	مِن الغريبِ أن	٤
আর এভাবে যে	وهكذا فإنَّ	٥
এতে সন্দেহ নেই যে	مما لا شَكَّ فيه أن	٦
এটা অনস্বীকার্য যে	لا مجالَ للإنكار أن	٧
এটা সুবিদিত যে	مِنَ المعلومِ أن/ من المعروفِ أن	٨
যদিও, তথাপিও	وبالرغم من أن	٩
লক্ষণীয় যে	من الملفت للنظر أن	١٠
উল্লেখ্য যে	ومِن الجدير بالذكر	١١
সন্দেহ নেই যে	لا شك في أن	١٢

লেখায় ব্যবহারের জন্য কিছু তাবীর :


رت	التعبير	المقابل البنغالي
١	ابتسم له الحظ	তার ভাগ্য সুপ্রসন্ন হলো
٢	أحب اللغة العربية منذ نعومة أظفاري	ছোটকাল থেকে আমি আরবি ভাষাকে ভালোবাসি
٣	أرسلت بصري عبر النافذة لأرى ...	... দেখতে জানালা দিয়ে দৃষ্টি দিলাম
٤	اشتد حزنه برؤية هذه الصورة	এই দৃশ্য দেখে তার দুঃশ্চিন্তা আরো বেড়ে গেল
٥	أصبحت غير قادر على الكلام جيدا	ভালোভাবে কথা বলতে আমি অক্ষম হয়ে পড়লাম
٦	أعجب به كل الإعجاب	এতে সে খুব অবাক হলো
٧	أقضي يومي	আমি দিন কাটাই
٨	امتدت الحرب إلى سنتين	যুদ্ধ দুই বছর দীর্ঘ হলো
٩	ثم التفت يمينا وشمالا	অতপর সে ডানে-বামে তাকাল
١٠	ثم يسر الله لي	অতপর আল্লাহ আমার জন্য সহজ করে দিয়েছেন
١١	خطر ببالي	আমার চিন্তায় এলো/মনে হলো
١٢	سأذكر لك الآن	এখনই তোমার জন্য উল্লেখ করছি
١٣	الساعة تشير إلى الثامنة صباحا	ঘড়ির কাটা সকাল আটটায়
١٤	طال تأملي وانقطع شعوري عن كل شيئ	দীর্ঘ চিন্তায় ডুবে রইলাম, এবং সবকিছু থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লাম
١٥	عاش في نعمة وسرور طول الحياة	সারাজীবন সে সুখ-শান্তিতে কাটিয়েছে
١٦	وبعد قليل من الوقت بدأ الدرس	কিছুক্ষণ পর দরস শুরু হলো
١٧	وفي يوم من أيام الصيف اشتدت الحرارة	গ্রীষ্মের কোনো একদিন প্রচণ্ড গরম পড়েছিল

সেদিন থেকে সে ভালোভাবে পড়তে শুরু করল	فأقبل على دروسه من ذلك اليوم بنشاط	١٨
সে অনেক খুশি হলো	ففرح أشد الفرح	١٩
এবিষয়ে দীর্ঘসময় ভাবলাম	فكرت طويلا في هذا الأمر	٢٠
দিনের শেষ বেলায়	فلما جاء آخر النهار	٢١
যখন আসরের সময় হলো	فلما جاء وقت العصر	٢٢
গ্রীষ্মের শুরুতে	في مطلع فصل الصيف	٢٣
শীতের মাঝামাঝি সময়ে	في منتصف فصل الشتاء	٢٤
কোনো একদিন	في يوم من الأيام	٢٥
শিক্ষক তার ছাত্রের শিষ্টাচারের ব্যাপারে যত্নবান হলেন	قد اعتنى المدرس بتربية تلميذه	٢٦
আমি অলসতা অনুভব করতে লাগলাম	قد بدأت أشعر بالكسل	٢٧
ছাত্রের উদ্যমে শিক্ষক অভিভূত ছিলেন	كان الأستاذ معجَبًا بنشاط الطالب	٢٨
ছাত্রটি কামরায় বসা ছিলো	كان الطالب جالسا في غرفته	٢٩
রাস্তায় কিছুটা জ্যাম ছিলো	كان الطريق مزدحما إلى حدما	٣٠
ঘরে নিরবতা বিরাজ করছিলো	كان الهدوء يسود الغرفة	٣١
তার পরিবার ছিলো একটি প্রসিদ্ধ পরিবার	كانت أسرته من الأسر المعروفة	٣٢
তাকে পুরোপুরি বিশ্বাস করত না	كنا نثق به كل الثقة	٣٣
আমার দৃঢ় বিশ্বাস ছিলো	كنت قد عزمت على	٣٤
কারো সাধ্যে নেই যে...	ليس في مقدور أحد أن...	٣٥
যখন সন্ধ্যা হলো	ولما جاء المساء	٣٦
তার সৌভাগ্যক্রমে	ومن حسن حظه	٣٦





সে অনেক বেশি খুশি	وهو مبتهج أشد الابتهاج	٤٥
সমুদ্র সৈকতের দিকে রওনা করলাম	توجهت إلى شاطئ البحر	٤٦
আমার দেশ সুন্দরতম দেশ	وطني من أجمل الأوطان	٤٧
আমি জানালার পাশে বসা ছিলাম	كنت جالسا بالقرب من النافذة	٤٨
এই কাজ করা এত সহজ নয়	ليس من السهل أن تفعل هذا	٤٩
মধ্য রাতের সময়/রাতের দ্বিপ্রহরে	ولما انتصف الليل	٥٠



صلات الأفعال

الإنشاء বা আরবি লেখালেখির ক্ষেত্রে صلات الأفعال ব্যবহারের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সিলার ভুলের কারণে অর্থ ভুল হয়ে যায়। কখনো কখনো ভিন্ন অর্থ ধারণ করে। সেসময় বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হয়। তাই শব্দের সাথে صلة খুব সর্তকতার সাথে ব্যবহার করতে হবে।

صلات الأفعال এর পরিচয় : নির্দিষ্ট অর্থ প্রদানের জন্য ফেয়েল বা মাসদারের সাথে যে হরফে জর ব্যবহৃত হয় তাকে সিলাতুল আফআল বলে।

صلات الأفعال মোট সাতটি, যেমন : ب - ل - من - على - إلى - عن - في

صلات الأفعال এর প্রকার : বিভিন্ন দিক বিবেচনায় সিলাতুল আফআল কয়েক প্রকার :

১. কিছু ফেয়েল এমন রয়েছে, যার কোনো সিলাহ হয় না।

২. কিছু ফেয়েল এমন রয়েছে, যার সিলাহ দ্বারাও মুতাআদ্দি হয় আবার সিলাহ ছাড়াও হয় এবং ফেয়েলের অর্থে কোনো পরিবর্তন আসে না। অর্থাৎ উভয় অবস্থাতে একই অর্থ প্রদান করে। যেমন : سكن بدون صلة وسكن في

৩. কিছু ফেয়েল এমন রয়েছে, যা সিলাহ ছাড়াও ব্যবহৃত হয় আবার সিলার সাথেও ব্যবহৃত হয়। তবে সিলাহ আসলে অর্থে পরিবর্তন আসে।

৪. কিছু ফেয়েল এমন রয়েছে, যাদের অর্থ প্রকাশের জন্য নির্দিষ্ট একটি সিলাহ ব্যবহৃত হয়। যেমন : الحرص على، الاهتمام ب، التحول إلى، النجاة من

৫. কিছু ফেয়েল এমন রয়েছে, যেগুলোর সমার্থবোধক একাধিক সিলাহ রয়েছে এবং অর্থে কোনো পরিবর্তন হয় না। যেমন : رغب في / رغب إلى

৬. কিছু ফেয়েল এমন রয়েছে, যেগুলোর বিপরীত অর্থবোধক একাধিক সিলাহ রয়েছে। যেমন : الرغبة عن والرغبة في، الدعاء ل والدعاء على

صلات الأفعال ধারণা থেকে লেখা যায় না, বরং মুখস্ত করতে হয়। এখানে বহুল ব্যবহৃত কিছু فعل এর صلة প্রদান করা হলো। লেখা ঠিক রাখতে এগুলো খুব ভালোভাবে মুখস্ত করতে হবে এবং খেয়াল করে ব্যবহার করতে হবে।

المثال	المعنى المقابل	الكلمة مع حرف الجر (الصلة)
تحول السجن إلى المدرسة بجهود العلماء.	রূপান্তরিত হওয়া, বিবর্তিত হওয়া।	التحول إلى
دفع كلام المعلم إلى الدراسة والمطالعة.	ঠেলে দেওয়া, অনুপ্রাণিত করা।	الدفع إلى
إنني أحتاج إلى مساعدتك.	মুখাপেক্ষী হওয়া।	الحاجة إلى
كلامه يدل على الاهتمام باللغة العربية.	পথ দেখানো।	الدلالة على
وصلت إلى المدينة المنورة قبل يومين.	পৌঁছা	الوصول إلى
عاد زميلي إلى بيته بعد خمس سنوات.	ফেরা	العودة إلى
ذهب خالد إلى مكة المكرمة لأداء الحج والعمرة.	যাওয়া	الذهاب إلى
انتبهوا إلى نصيحة المعلم.	মনোযোগ দেওয়া	الانتباه إلى
رجع الطلاب إلى المدرسة قبل المغرب.	ফেরা	الرجوع إلى

التسليم إلى	অর্পণ করা	سلمت الكتاب إلى الأستاذ.
الإرسال إلى	প্রেরণ করা	أرسل أبي رسالة إلى مدير الجامعة.
الإرشاد إلى	পথপ্রদর্শন করা	أرشدني أستاذي إلى تعلم اللغة العربية.
الإعراب عن	ব্যক্ত করা	إن الضيف أعرب عن فرحه بعد الزيارة.
البعد عن	দূর হওয়া	مدرسته بعيدة جدا عن العاصمة.
البحث عن	গবেষণা করা	بحثت عن المسألة في الكتاب.
العفو عن	ক্ষমা করে দেওয়া	عفا الرجل عن السارق.
العناية ب	গুরুত্ব দেওয়া	اعتنى أخي بتعلم اللغة الإنكليزية.
الاهتمام ب	গুরুত্ব দেওয়া	اهتم أبي بتربيتي اهتماما بالغا.
الترحيب ب	অভ্যর্থনা জানানো	أرحب بكم ترحيبا حارا.
التمسك ب	আঁকড়ে ধরা	من تمسك بنصيحة الأستاذ فهو ناجح.
الشعور ب	অনুভব করা	إنني أشعر بفرح وسرور.
الالتحاق ب	ভর্তি হওয়া	التحقت بمركز اللغة العربية.
الاشتغال ب	লিপ্ত থাকা	اشتغلت بتعليم اللغة العربية بعد التخرج.
التمتع ب	উপভোগ করা	المسلمون يتمتعون براحة القلب.
العلاقة والتعلق ب	সম্পর্ক রাখা	ينبغي للطلاب أن يتعلقوا بالمكتبة.
الشغف ب	আগ্রহ	إنه شغَف بالقراءة شغَفا شديدا.
الاستعانة ب	সাহায্য চাওয়া	إذا استعنت فاستعن بالله.
التمكن من	সক্ষম হওয়া	تمكن الطالب من حل العبارة.
التعرض ل	মুখোমুখি হওয়া	تعرض لسرقة أثناء عودته إلى البيت.
الإذن ل	অনুমতি দেওয়া	أذن له الأستاذ بالذهاب إلى البيت.


التدبر في	চিন্তা করা	التدبر في آيات القرآن أمر مطلوب.
الرغبة عن	ফিরে থাকা	من رغب عن سنتي فليس مني.
الرغبة في	আগ্রহী হওয়া	له رغبة قوية في تعلم اللغة العربية.
الشك في	সন্দেহ করা	لا شك في هذا الكلام.
التعليق على	মন্তব্য করা, টিকা লেখা	التعليق على الكتاب عادة مفيدة.
التشجيع على	উৎসাহ প্রদান করা	شجع المعلم على الاهتمام بالنظافة.
القدرة على	সক্ষম হওয়া	إنه يقدر على المكالمة باللغة العربية.
الرد على	উত্তর দেওয়া	رد الطالب على سؤال المعلم.
العثور على	খুঁজে পাওয়া	عثرت على كتابي المفقود بعد مدة طويلة.
الحرص على	আগ্রহী হওয়া	احرص على ما ينفعك.
الحث على	উৎসাহ দেওয়া	حث الإسلام على العدل والإنصاف.
التركيز على	গুরুত্ব দেওয়া	ركز على مطالعتك الخاصة.
التعود على	অভ্যস্ত হওয়া	إنني تعودت على هذه العادة.
الإجبار على	বাধ্য করা	أجبر المدير طلابه على احترام النظام.
القبض على	আটক করা	قبض الشرطي على السارق.
الحفاظ على	সংরক্ষণ করা	الحفاظ على النظافة أمر مهم جدا.
وافق على	অনুমতি দেওয়া	وافق الأستاذ على مقترحات الطلاب.
أقبل على	আত্মনিয়োগ করা	قد ازداد الإقبال على تعلم اللغة العربية.



সঠিক তাবীরের ব্যবহার

আরবি লেখালেখির ক্ষেত্রে আমাদের একটি বড় সমস্যা আমরা যথাশব্দ এবং আরবীয় বিশুদ্ধ তাবীর ব্যবহার করতে পারি না। অনেক শব্দ বা তাবীরের ক্ষেত্রে আরবদের ব্যবহারে নেই, এমন তাবীর ব্যবহার করি। কখনো দেখা যায়, আরবি তাবীরের স্থানে আমাদের অঞ্চলে ব্যবহৃত উর্দু প্রভাবিত শব্দ বা তাবীর ব্যবহার করি। এছাড়াও অনেক সময় ব্যাকরণগত দিক থেকে সঠিক নয়, কিন্তু প্রতিষ্ঠানের নাম হিসেবে পূর্বে কেউ ব্যবহার করেছেন, তাই ব্যবহার করতে থাকি। এধরনের তাবীরের কারণে আরবরা অনেক সময় আমাদের লেখার ভাব বুঝতে পারেন না। যথাশব্দ বা বিশুদ্ধ তাবীর না থাকায় কথা মেলাতে পারেন না। এ সমস্যা থেকে পরিত্রাণের উপায় হচ্ছে, আমাদেরকে সেসমস্ত ভুলগুলো কেন হয় তা জানতে হবে। সঠিকটি জেনে তা মুখস্ত করতে হবে। সচেতনতার সাথে নিজের লেখায় উর্দু প্রভাবিত আরবি থেকে বেঁচে থাকতে হবে। আরবদের লেখা বেশি বেশি পড়তে হবে।

সঠিক তাবীর শেখানোর জন্য বিষয়গুলো সবসময় দরসে আলোচনা করা হয়। বিশেষত সংশ্লিষ্ট শব্দ বা তাবীরের সাথে আলোচনা করে দেওয়া হয়। তবে ব্যাপক ফায়েদার নিয়তে অনেকের পরামর্শে এখানে একত্রিত করে দেওয়া হলো। আরবি বলা এবং লেখা ঠিক করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ এই অংশটি বিশেষ ভূমিকা রাখবে ইনশাআল্লাহ।



উপাধি ব্যবহার

উপাধি ব্যবহার অতিরঞ্জন একটি ব্যধিতে পরিণত হয়েছে। আমরা যাকে তাকে যেকোনো উপাধিতে ভূষিত করি। এটি সঠিক নয়। নিচে কয়েকটি উপাধি ও তার স্তর উল্লেখ করা হলো :

* **الأستاذ** সাধারণত শিক্ষকের জন্য ব্যবহার করা হয়। কখনো কখনো সম্মানার্থেও ব্যবহার করে। এর জন্য নামের শুরুতে أ লিখে সংক্ষিপ্তভাবে উসতায বুঝায়। যেমন :

الأستاذ عبد المحسن، الأستاذ عبد الكريم.

* বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বুঝাতেও الأستاذ বা أ ব্যবহার করা হয়। তবে তাদের অধিকাংশের সেই হামজার সাথে আবার د ও থাকে। যেমন :

أ. د. عبد المحسن، أ.د. عبد الكريم زيدان.

* **سماحة الشيخ أو السماحة** শব্দটি আন্তর্জাতিক পর্যায়ের বড় আলেম বা রাষ্ট্রীয় পর্যায়ের প্রধানতম আলেম বা মুফতির জন্য ব্যবহার করা হয়। যেমন :

سماحة الشيخ أبي الحسن علي الندوي، سماحة الشيخ عبد الله بن باز.


এছাড়া সবার জন্য ব্যাপকভাবে এই উপাধি ব্যবহার করা অনুচিত।

* **معالي الشيخ أو صاحب المعالي** এই উপাধি সাধারণত মন্ত্রী, উপমন্ত্রী, মন্ত্রী সমমর্যাদার এবং বিশ্ববিদ্যালয়ের ভিসিদের জন্য ব্যবহার করা হয়। সেই হিসেবে বিশ্ববিদ্যালয় স্তরের কোনো মাদরাসা থাকলে তার মুহতামিমের জন্য শব্দটি ব্যবহার করা যায়। তবে মকতব-জামেয়ার মুহতামিমের জন্য এই শব্দের বাধাহীন ব্যবহার খুবই অসুন্দর।

* **سعادة الشيخ أو سعادة الأستاذ أو صاحب السعادة** এই উপাধিগুলো বিভাগীয় প্রধান, প্রতিষ্ঠান প্রধান, বিভিন্ন সংস্থা ও কূটনৈতিক কাজে নিয়োজিত ব্যক্তিদের জন্য ব্যবহার করা হয়।

* **فضيلة الشيخ أو صاحب الفضيلة** এই উপাধিটি ব্যাপকভাবে আলেম, ইমাম ও খতিবদের জন্য সম্মানার্থে ব্যবহার করা যায়।

এখানে আরবি ব্যবহারের দৃষ্টিকোণ থেকে কয়েকটি উপাধির কথা তুলে ধরা হল। এছাড়া আল্লামা, আদিব, মুফতি, শাইখুল হাদিস ইত্যাদি উপাধি ব্যবহারেও সতর্কতা অবলম্বন করা উচিত। আদব বিভাগে পড়ালেই আদিব হয় না। ইফতা পড়লেই মুফতি হয় না। ওয়াজের মঞ্চে বসলেই আল্লামা হয় না। বুখারি শরীফ পড়ালেই শাইখুল হাদিস হয় না। ব্যাপকভাবে এমন উপাধি ব্যবহার করা বিরাট ব্যাধি ও অসুস্থতা। আল্লাহ তায়ালা শব্দের এধরনের অপব্যবহার থেকে আমাদের হেফাযত করুন।



مكتب ومكتبة শব্দের ব্যবহার


مكتب শব্দের অর্থ হচ্ছে অফিস। এটাকে গ্রন্থাগারের জন্য ব্যবহার করা ভুল। অন্যদিকে مكتبة অর্থ গ্রন্থাগার। এটাকে অফিসের জন্য ব্যবহার করা ভুল। দুটি শব্দ কাছাকাছি হওয়ায় আমরা অনেকেই খেই হারিয়ে ফেলি। কয়েকটি ব্যবহার পড়ুন

رأيت المدير في المكتب، يقرأ الطالب في المكتبة، مكتب رئيس الوزراء جميل، مكتبة المركز كبيرة.

ينبغي لنا وينبغي علينا এর ব্যবহার

"আমাদের উচিত" এই অর্থে ينبغي لنا ব্যবহার করতে হয়। এক্ষেত্রে আমরা ينبغي علينا ব্যবহার করি, যা সঠিক নয়। আরবদের ব্যবহারে এমনটি নেই। তবে يجب علينا ব্যবহার করা সঠিক। কুরআনে কারীম থেকে ব্যবহারগুলো পড়ুন :

لا الشمس ينبغي لها أن تدرك القمر ولا الليل سابق النهار. وما علمناه الشعر وما ينبغي له.



صاحب، الموقر শব্দের ব্যবহার

আরবিতে নামের শেষে সম্মানার্থে অনেকেই صاحب শব্দ ব্যবহার করি। আরবরা এই অর্থে তা ব্যবহার করেন না। বরং তারা এক্ষেত্রে الموقر শব্দ ব্যবহার করেন। معجم اللغة العربية المعاصرة অভিধানে বলা হয়েছে, رجل موقر: يُكنُّ له الاحترام والتقدير অতএব আমরা فضيلة الشيخ عبد المالك صاحب না লিখে লিখতে পারি فضيلة الشيخ عبد المالك الموقر.

وظيفة وراتب শব্দের ব্যবহার

আরবিতে অনেকেই বেতন-ভাতা বুঝাতে وظيفة ব্যবহার করেন। আরবদের ব্যবহারে এমনটি নেই। তাই সেই আরবি পড়ে কোনো আরব মর্মোদ্ধার করতে পারবেন না। কারণ, وظيفة এর অর্থ চাকরী বা পেশা। যেমন বলা হয় : ما وظيفتك؟ তোমার কাজ বা পেশা কী? বেতন বুঝাতে আমরা আরবি راتب বা دخل শব্দ ব্যবহার করতে পারি। যেমন : الراتب المغري আকর্ষণীয় বেতন। الدخل الشهري মাসিক বেতন বা ভাতা।

কিছু ব্যবহার দেখুন : رجل من ذوي الدخل المحدود সীমিত আয়ের লোক।

هذا المشروع لا يضر دخله এই প্রকল্পটি তার মাসিক ভাতায় কোনো প্রভাবে ফেলবে না।

ضريبة الدخل أي ما يدفعه المواطن على دخله অর্থাৎ একজন নাগরিকের বেতনের ট্যাক্স।

دفتر ومكتب শব্দের ব্যবহার

পরিচালক বা মুহতামিম সাহেবদের অফিস বুঝাতে আমরা আরবিতে অনেক সময় دفتر ব্যবহার করি। অথচ আরবিতে এটি ভুল ব্যবহার। বাংলা বা উর্দু হিসেবে ঠিক আছে। যেমন সদর দফতর, রাজনৈতিক দফতর, মুহতামিম সাহেবের দফতর। আরবি তাবীরে এক্ষেত্রে مكتب শব্দ ব্যবহার করা হয়। মনে রাখতে হবে, আরবিতে دفتر শব্দের অর্থ হচ্ছে كراسة বা খাতা। যদি আমরা ব্যবহার করি إنه جاء من دفتر المدير তাহলে একজন আরব অবাক হয়ে শুধু তাকিয়েই থাকবেন আর ভাবতে থাকবেন, মানুষ কীভাবে মুদীরের খাতা থেকে বের হয়?

جامع وجامعة শব্দের ব্যবহার


জামে ও জামেয়া শব্দ দুটি কাছাকাছি হওয়ায় ব্যবহারে অনেক সময় এলোমেলো হয়ে যায়। বিষয়টি সচেতনভাবে ব্যবহার করলে আর সমস্যা হবে না ইনশাআল্লাহ। মূলত জামে মসজিদের জন্য ব্যবহার করা হয় جامع। যেমন: جامع الراجحي بالرياض রিয়াদে অবস্থিত আল রাজিহি জামে মসজিদ। সেই সাথে المسجد الجامع শব্দও ব্যবহার হয়। আর জুমা পড়া হয় না এমন মসজিদকে المسجد أو المصلى বলা হয়। অন্যদিকে جامعة শব্দটি বিশ্ববিদ্যালয়ের জন্য ব্যবহৃত হয়। এটি মসজিদের জন্য ব্যবহার হয় না।

الدخول والالتحاق শব্দের ব্যবহার

ভর্তির তাবীরের জন্য আমরা আরবিতে অনেক সময় উর্দু দাখেলা শব্দের প্রভাবে دخول ব্যবহার করি। যেমন অনেকে লেখেন, أخذت الداخلة في المدرسة / دخلت في المدرسة আমি মাদরাসায় ভর্তি হয়েছি। অথচ ভর্তি অর্থে الالتحاق بـ ব্যবহার হয়। যেমন:


أنا التحقت بمركز اللغة العربية، التحق أخي بالمدرسة الإسلامية.






الدرس و السبق শব্দের ব্যবহার

আমরা অনেকেই পাঠ বা ক্লাস বুঝাতে উর্দু প্রভাবিত হয়ে سبق শব্দ ব্যবহার করি। আরবরা এই শব্দ তাবীরে দেখলে অগ্রগণ্য অথবা ছাড়িয়ে যাওয়া অর্থ বুঝবে। পাঠ বা ক্লাসের সঠিক আরবি তাবীর হচ্ছে الدرس। যেমন : الدرس الأول، في الدرس




إدارة ومؤسسة শব্দের ব্যবহার

প্রতিষ্ঠান অর্থে অনেকেই উর্দু প্রভাবিত হয়ে إدارة শব্দ ব্যবহার করি। নামের ক্ষেত্রেও ব্যবহার করা হয়। কিন্তু আরবিতে إدارة অর্থ পরিচালনা বা প্রশাসনিক কার্যক্রম। প্রতিষ্ঠান বুঝাতে সাধারণত مؤسسة ومعهد ব্যবহার করা হয়।



تقرير ومحاضرة শব্দের ব্যবহার


বক্তব্য, বয়ান বা আলোচনা বুঝাতে উর্দু প্রভাবিত হয়ে আমরা تقرير শব্দ ব্যবহার করি। অথচ আরবিতে বক্তব্য, বয়ান বা আলোচনা বুঝাতে محاضرة ব্যবহার করা হয়। আরবিতে تقرير অর্থ প্রতিবেদন, বিবরণ ও রিপোর্ট। আর 'হাদিসের তাকরীর' বুঝাতে شرح الحديث বলা যায়। যেমন : শায়েখের বুখারীর তাকরীর অনেক চমৎকার- شرح الشيخ للبخاري رائع



تكرار ومراجعة শব্দের ব্যবহার

تكرار শব্দের অর্থ হচ্ছে বারংবার, পুনরাবৃত্তি। অতএব বারবার অর্থে তাকরার শব্দ ব্যবহার করা যেতে পারে। যেমন বলা হয় : إذا تكرر تقرر في القلب সেই হিসেবে ছাত্রদের একত্রিত তাকরারকে তাকরার বলা যেতে পারে।

তবে এক্ষেত্রে আরবদের ব্যবহার হচ্ছে مذاكرة الدروس আর পেছনের সবক পড়ার জন্য তাদের ব্যবহার হচ্ছে مراجعة الدروس। আরবদের প্রত্যেক ক্লাসের পাঠ্যপুস্তকের শুরুতে একটি অধ্যায় থাকে مراجعة ما سبق من الدروس এই শিরোনামে।



خيار واستعداد শব্দের ব্যবহার

পরীক্ষার প্রস্তুতির সময়কে মাদরাসার পরিবেশে 'খেয়ার' বলে। তবে আরবিতে ঐ সময়ের তাবীর করতে গেলে خيار শব্দ ব্যবহার করা যাবে না। কারণ خيار শব্দের অর্থ পছন্দ, পছন্দের স্বাধীনতা, ইচ্ছা ও শশা। আরবরা এই সময়ের তাবীর করে أيام الاستعداد শব্দের মাধ্যমে। যেমন তারা বলেন: بدأت أيام الاستعداد للاختبار، فاستعدوا جيدا أيها الطلاب

চাঁদপুর, করাচি কীভাবে লিখব?

আরবিতে চাঁদপুর, করাচি লেখার ক্ষেত্রে আমরা শীন অথবা সোয়াদ দিয়ে লিখি। তবে বর্তমানে আরবরা 'চ' এর উচ্চারণে تش দিয়ে লেখে। যেমন : تشومسكي، تشاندبور، كراتشي

প্রতিষ্ঠানের নাম লেখায় করণীয়

প্রতিষ্ঠানের নাম লেখার ক্ষেত্রে অনেকগুলো ভুল আমরা করি। প্রথমত স্তরের দিকে লক্ষ্য রাখা হয় না। যা অত্যন্ত নিন্দনীয়। সব প্রতিষ্ঠানকেই কেন জামেয়া হতে হবে? জামেয়া ছাড়াও কি নাম হতে পারে না?


প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও বিশ্ববিদ্যালয়ের স্তর বিবেচনা করে নাম নির্ধারণ করা উচিত। অন্যদিকে নামের আরবি যেন ঠিক হয়, সেদিকেও খেয়াল রাখা চাই। একইসাথে মাদরাসা ও জামেয়া বড়ই বেমানান। যেমন অনেকেই মাদরাসার নাম লিখছে–

جامعة مدينة العلوم مدرسة، الجامعة الإسلامية درا العلوم مدرسة। এমন নাম আরবীয় দৃষ্টিকোণ থেকে ঠিক নয়। অনেকটা হাস্যকরও বটে।

অনেকেই নামের প্রথম অংশে মাদরাসা বা জামেয়ার শুরুতে আলিফ লাম ব্যবহার করেন। যেমন : الجامعة خديجة الكبرى أو المدرسة خديجة الكبرى

আবার অনেকে লেখে: المدرسة دار العلوم أو الجامعة بيت العلوم। এখানে আলিফ-লাম কেন ব্যবহার করতে হবে? মূলত নামের পূর্বে মাদরাসা বা জামেয়া শব্দটি মুজাফ হিসেবে ব্যবহার হয়। যেমন : مدرسة خديجة الكبرى أو مدرسة بيت العلوم তবে যদি ইসলামিয়া বা এজাতীয় শব্দের মাওসূফ হিসেবে ব্যবহৃত হয় তাহলে আলিফ-লাম ব্যবহার হবে।

যেমন : المدرسة الإسلامية داكا، الجامعة الإسلامية درا العلوم



রোজনামচা

লেখার নিয়ম-কানুন :

লেখা শেখার ক্ষেত্রে সকলেই প্রচুর লিখতে বলেন। বিশেষত সকলেই রোজনামচা লেখার কথা তাগিদ দেন। মূলত আরবিতে প্রতিদিন অথবা সপ্তাহে তিন চারদিন রোজনামচা লিখলে ধারাবাহিকভাবে আরবি লেখার অভ্যাস হয়। এতে নিজের লেখার মান উন্নত হয়। আরও বেশি উপকৃত হওয়া যায়, যদি কোনো বিজ্ঞ শিক্ষককে তা দেখিয়ে নেওয়া যায়। তালিবুল ইলমদের সহজে বুঝার জন্য এখানে রোজানামচা লেখার পদ্ধতি এবং নিয়মাবলী নিয়ে আলোকপাত করা হলো।

রোজনামচার পরিচয় :

রোজনামচার আরবি প্রতিশব্দ হচ্ছে **مذكرة** বা **يومية**। আমরা সাধারণত রোজনামচাকে **يومية** বলি। সারাদিন যা ঘটেছে বা ভাবনায় এসেছে, তা লিখে রাখা অথবা কোনো বিষয়ে নিজের পর্যবেক্ষণ ও মতামত এবং অনুভূতি নিজ খাতায় লিখে রাখাকে রোজনামচা বলে।

রোজনামচা লেখার উপকারিতা :

রোজনামচা লেখা এবং ধারাবাহিকভাবে নিজের চিন্তা-ভাবনা, প্রত্যাশা ও ভালোলাগার কথাগুলো লিখে রাখা অত্যন্ত ভালো একটি অভ্যাস। উপকারী একটি কাজ। রোজনামচা লেখার অনেক উপকারিতা রয়েছে। নিম্নে কয়েকটি উপকারিতা উল্লেখ করা হলো :

১- রোজনামচা লেখার মাধ্যমে সৃজনশীল লেখালেখি শেখা যায়।

২- জীবনের অনেক গুরুত্বপূর্ণ ঘটনা ও স্মৃতি ধরে রাখা যায়।

৩- নিজের অনুভূতিগুলোকে নিজের মতো করে লিখে রাখা যায়।

৪- বিভিন্ন কাজের পরিকল্পনা ও রুটিন করা যায়।

৫- পেছনের অনেক ঘটনার ওপর ভিত্তি করে সহজ ও উপযোগী সিদ্ধান্ত গ্রহণ করা যায়।

৬- পেছনের অনেক ভুল থেকে শিক্ষাগ্রহণ করা যায়।

রোজনামচা লেখার নিয়ম :

রোজনামচা লেখার জন্য বিশেষ কোনো নিয়ম কোনো কিতাবে পাওয়া যায় না। তবে বিভিন্ন রোজনামচা দেখে এবং অনেক লেখকের দিকনির্দেশনা ও ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে কিছু বিষয় জানা যায়। সে বিষয়গুলোর দিকে লক্ষ্য রেখে রোজনামচা লেখা যেতে পারে। রোজনামচা লেখার ক্ষেত্রে যেসব বিষয় লক্ষ্য রাখতে হবে, তা হচ্ছে :

١- اكتب اليوم والتاريخ والموضوع بدقة في فاتحة الكتاب.

٢- حدد وقتا مناسبا لكتابة اليومية، ومكانا مناسبا لو يدعو الأمر.

٣- اهتم بجودة الخط وتحسين التعبير.

٤- اختر الكلمات المشهورة والتعبيرات الشائعة.

٥- حاول أن تجعل كتابتك سالمة من الأخطاء النحوية والإملائية.

٦- اكتب الأحداث المهمة باستخدام ضمير المتكلم وصيغة الماضي.

٧- حاول أن تكتب أحيانا الكلام حول الشخصيات.

٨- اكتب اليومية كل يوم ولو بسطر أو سطرين، ولا تتوقف في أي حال من الأحوال.

٩- راجع ما كتبت بنفسك أولا ثم اقصد إلى المعلم، وهذا أمر مهم جدا لتحسين مهارة الكتابة.

١٠- أعد نظرك على ما حدد المعلم من الأخطاء وقم بالتمرين على ما هو الصحيح.

রোজনামচা লেখার সময় :

রোজনামচা লেখার কোনো নির্দিষ্ট সময় নেই। কেউ দিনের শুরুতে লেখে, কেউ আবার দিনের মাঝে অবসর পেলে লিখে রাখে। অন্যদিকে কেউ দিন শেষে রাতে ঘুমানোর পূর্বে লিখতে বসে। সারাদিন যা দেখেছে, যা ভেবেছে, যা করেছে, তা লিখে রাখে নিজ ভাষায়। আবার কেউ কেউ পরদিন সকালে গতকালের ঘটে যাওয়া বিষয় ও ভাবনা লিখতে বসে। মোটকথা, রোজনামচা লেখার কোনো নির্দিষ্ট সময় নেই। যার যখন ভালো লাগে, সে তখন লিখবে। তবে আমি ব্যক্তিগতভাবে রাতে লিখতে পছন্দ করি। রাত ছাড়াও যখন মনে চায়, তখন লিখি। সাধারণত ছাত্রদেরকে আমি রাতে লিখতে বলি।

রোজনামচায় ব্যবহারের জন্য কিছু বিশেষ তাবীর :

ر ت	التعبير	المقابل البنغالي
١	أبدأ في تجهيز حقيبتي للسفر إلى...	সফরের জন্য আমার ব্যাগ গোছাতে শুরু করলাম
٢	إذا انتهيت العمل	যখন কাজ শেষ করলাম
٣	استيقظت في الخامسة صباحًا	সকাল পাঁচটায় ঘুম থেকে জাগলাম
٤	أكتب هذه المذكرة بشعور من الفرح والسرور	খুব আনন্দে এই ডায়েরিটি লিখছি
٥	أمضيت وقتا طويلا جالسا..قائما..	বসে.. দাঁড়িয়ে আমি অনেকটা সময় পার করেছি
٦	أنا لا أزال أحمل من ذكريات صباي	আমি এখনো শৈশবের স্মৃতি ধারণ করে আছি
٧	تعجبت من أخلاقه	আমি তার আচরণে অবাক হলাম

আমার এক বন্ধুর সাথে সাক্ষাৎ করলাম	التقيت بأحد صديقي	٨
মদীনায় থাকা আমার সেই সব সোনালী দিনগুলো	تلك الأيام الجميلة التي عشت فيها في مدينة الرسول صلى الله عليه و سلم	٩
আমি ডানে বামে তাকালাম	ثم التفت يمينا وشمالاً	١٠
আমার বাবার সাথে বের হলাম	خرجت مع أبي	١١
রাত গভীর হলো, পৃথিবী নিশ্চুপ হয়ে গেল	خشع الليل، وأنصت الكون	١٢
আমি বাবাকে সফরের প্রস্তুতিতে সহযোগিতা করলাম	ساعدت أبي في الاستعداد للسفر	١٣
পথে চললাম	سرنا في الطريق	١٤
তখন আমি ঢাকায়, শুনলাম যে..	سمعت -وأنا في دكا- أن	١٥
যখন আমি ছাত্র ছিলাম	عندما كنت طالبا	١٦
এই সংবাদ শুনে আমি খুব খুশি হলাম	فرحت كثيرا بسماع هذا الخبر	١٧
হঠাৎ আমি এই আনন্দের সংবাদ শুনলাম যে..	فوجئت بخبر سار وهو	١٨
আমি যেদিন ..সাথে সাক্ষাত করেছি	في اليوم الذي التقيت مع	١٩
প্রতিদিন সকালে যখন আমি ঘুম থেকে উঠি	في كل صباح عندما أستيقظ من نومي	٢٠
আমার গ্রাম, এখানেই জন্মেছি, এখানে পৃথিবীর আলো দেখেছি	قريتي، فيها ولدت وفيها رأيت النور	٢١
আমি রোজনামচা লিখতে বসেছি/বসলাম	قعدت لأكتب اليومية	٢٢
আমার বাবা রুমের মাঝে দাঁড়ানো ছিলেন	كان أبي واقفا في وسط الغرفة	٢٣
আমার বাবা সবসময় বলতেন	كان أبي يقول دائما	٢٤
আমি আশা পোষণ করতাম যে আমি যাবো..	كنت وددت أن أذهب	٢٥
গতকাল আমার শিক্ষকের যিয়ারতে আমি সৌভাগ্যবান হয়েছি	لقد تشرفت بزيارة أستاذي بالأمس	٢٦
যখন আমি মকতবে পড়তাম	لما كنت أدرس في الكتّاب	٢٧
এবং যখন আমি রাস্তায় হাঁটি	وعندما أمشي في الطريق	٢٨

২৯	وفي تلك الليلة	সেদিন রাতে
٣٠	وفي ذلك اليوم	সেদিন
٣١	وقررت من ذلك اليوم أن..	সেদিন থেকে এই সিদ্ধান্ত নিয়েছি যে
٣٢	يغمرني الشعور بالسعادة اليوم	আজ আমি খুবই আনন্দিত
٣٣	اليوم قد أتممت عامي العشرين	আজ আমি বিশ বছর পূর্ণ করলাম

রোজনামচার কয়েকটি নমুনা :

আসলে রোজনামচা তো প্রত্যেকেই তার নিজের মতো লিখবে। সেখানে তার কথা তার মতো করে থাকবে। কারো সাথেই কারো রোজনামচা মিলবে না। তারপরও এখানে রোজনামচা লেখা শেখার জন্য কয়েকটি রোজনামচার নমুনা দেওয়া হয়েছে। এগুলো দেখে অনুসরণ করতে থাকলে একসময় নিজেই অনেক সুন্দর আরবিতে রোজনামচা লিখতে পারবে ইনশাআল্লাহ।

১-নমুনা

التاريخ : ٢٣/٤/١٣٧٠هـ-١٩٥١/١/٣١م.

اليوم : الأربعاء

حديث مع الدكتور أحمد أمين

قابلنا الدكتور أحمد أمين وقدم إلي هدية من الكتب فيها العقد الفريد في ستة أجزاء اشترك أحمد أمين في شرحه وضبطه وتصحيحه، وطبعته لجنة التأليف والترجمة، ونسخة من كتابه «حياتي» وقلم حبر تذكارا له، فشكرته على هذا الجميل وقبلته ممنونا متشكرا وجلسنا نتحدث، قلت له أتمنى أن تتوفر حضرتكم الآن على دراسة القرآن وخدمته، قال لقد شغلني كتاب «الإسلام ماضيه وحاضره» وسوف أنتهي منه، قلت أرجو من الأستاذ الكبير أن لا يصدر من قلمه ما يتشبث به الشباب المتهور فإن لكتابته وأفكاره وقعا كبيرا في النفوس، قال هذه حكاية أم مجرد تنبيه؟ قلت إنما هو رجائي وطلبي! قال ولا بد من نقد وصراحة، قلت من غير شك ولكن الناس في هذا العصر يقبلون المساوئ ويتركون المحاسن، قال هذا صحيح.

من كتاب «مذكرات سائح في الشرق العربي» ص-٤٩.

२-नमूना

التاريخ : ٢٦/١٠/١٣٧٠هـ-٣٠/٧/١٩٥١م

اليوم : الإثنين

على قبر سيدنا خالد بن الوليد رضي الله عنه

ذهبنا في الصباح لزيارة سيدنا خالد بن الوليد، دخلنا الجامع المنسوب إليه ووقفنا أمام قبره نستحضر تاريخه وجهاده وبطولته وما خصه الله به من الشجاعة الخارقة والقوة المرهوبة المرعبة والإخلاص والإيثار وقد أثارت هذه الوقفة معاني وأحاسيس في النفس وجددت ذكريات تاريخية وأثارت الإجلال والحب والتقدير لهذا المجاهد الجليل الذي سماه الرسول صلى الله عليه وسلم سيف الله.

من كتاب «مذكرات سائح في الشرق العربي» صـ٢٨٨.

७-नमूना

التاريخ : ٢٢-٣-١٤٤٤هـ

اليوم: يوم الجمعة

وقت الكتابة : الساعة الثانية عشرة ليلا

رأيت اليوم أبي -رحمه الله- في المنام وهو يصلي بالناس التراويح، وكنت خلفه أصلي مثلما كنت أصلي في طفولتي. قرأ في الصلاة من الجزء الأخير من القرآن الكريم، ففهمت من القراءة أن التراويح كانت في ليلة السابع والعشرين من رمضان حسب المعتاد في البلد.

عندما استيقظت من النوم بدأت أفكر عن الرؤيا، قلت في نفسي إن هذا الرؤيا لبشرى، وتدل على أن أبي في ضيافة الملك الرحمن، لأنه من أهله وخاصته، وهذا الرؤيا قد جمع بين خصلتين حميدتين لأبي اللتين قد تَعوَّدَ عليهما في حياته. إنه كان لا يترك الصلاة بل كان يصلي النافلة كثيرا، وكان تاليا للقرآن الكريم، يكثر التلاوة آناء الليل وآناء النهار.

أسأل الله أن يجعل أبي من أهله وخاصته. آمين يا رب العالمين.

৪-নমুনা

التاريخ: ٢-٤-١٤٤٣هـ

اليوم: يوم الثلاثاء

وقت الكتابة: عقب صلاة العشاء

زيارة مدرسة في داكا

زرت اليوم المدرسة الإسلامية بداكا، وكان معي أحد من أساتذة المركز. استقبلني مدير تلك المدرسة استقبالا حارا. أعجبت ببيئة المدرسة ونظافتها. قدم إليّ الفطور وشارك معي في السفرة أساتذة تلك المدرسة. بعد تناول الفطور ذهبت مع المدير إلى المسجد. ألقيت أمام الطلاب بعض الكلمات الإرشادية، من أهمها الرغبة الجامحة لطلب العلم، الاهتمام بالمطالعة وتعلم اللغة العربية، الاهتمام بالأدب مع الأساتذة.أخيرا رجعت إلى المركز قبيل صلاة الظهر.

৬-নমুনা

التاريخ : ١٤٤٤/٨/٣هـ الموافق ٢٠٢٣/٢/٢٣م

اليوم : الخميس

وقت الكتابة : الساعة العاشرة ليلا

لقاء مع الأخ الكبير بعد مدة طويلة

اليوم أنا في غاية الشعور بالفرح والبهجة؛ لأن أخي الكبير عاد من المدينة المنورة بعد غياب دام لنحو خمس سنوات، منذ خمس سنوات وأنا لم أره، ولم أتحدث معه وجها إلى وجه. نعم تكلمت معه عبر الجوال، ولكن شتان ما بينهما!

كنت في انتظار شديد لأسلم عليه قبل الجميع، فوقفت في بوابة البيت، عندما نزل أخي من السيارة ذهبت إليه مسرعا وسلمت عليه، وبعد اقترابي منه بدأت أشم رائحة المدينة، وبدأت أشعر بسعادة غامرة؛ لأنني ألتقي الآن مع أخي الحبيب الذي سكن خمس سنوات في مدينة الحبيب صلى الله عليه وسلم، ولأنه بهذا اللقاء تحقق حلمي الذي كنت أحلم بها منذ خمس سنوات.





আরবিতে পরীক্ষা দেওয়ার সহজ পদ্ধতি:

আরবি ভাষায় পরীক্ষা দেওয়া প্রত্যেক ছাত্রের একটি আন্তরিক প্রত্যাশা। আমাদের মাদরাসার পরিমণ্ডলে যে আরবিতে পরীক্ষা দেয়, তাকে সকলেই ভালো ছাত্র হিসেবে বিবেচনা করে। এক্ষেত্রে তুমি আরবিতে পরীক্ষা দিতে পারবে না, এমন চিন্তা মাথা থেকে ঝেড়ে ফেল। বরং এই দৃঢ় বিশ্বাস রাখ যে, তুমি অবশ্যই আরবিতে পরীক্ষা দিতে পারবে ইনশাআল্লাহ।

পরীক্ষা দিতে না পারার কারণ :

আরবিতে পরীক্ষা দিতে না পারার অনেকগুলো কারণ রয়েছে। শুরুতেই জেনে নিই সেসব কারণগুলো।

- আমাদের আরবি শব্দ ও মুফরাদাতের পরিমাণ অনেক কম। তাই আমাদের আরবিতে পরীক্ষা দিতে ভয় কাজ করে।
- আরবি শরাহ মুতালাআ না করে বাংলা বা উর্দু মুতালাআ করা।
- পরীক্ষা ভালো করার প্রত্যাশায় আরবিতে পরীক্ষা না দেওয়া।
- আমি নাহু-ছরফ পারি না, এই ভয়ও একটি বিশেষ কারণ।
- শুরু থেকেই প্রস্তুতি না নিয়ে একেবারেই পূর্ব মুহূর্তে প্রস্তুতি নেওয়া।
- কিছু পারি কিছু পারি না, তাই সাহস হয় না ।

এছাড়াও প্রত্যেকের ব্যক্তিগত পর্যায়ে আরোও অনেক কারণ থাকতে পারে।

আরবিতে পরীক্ষা দিতে হলে যা করতে হবে :

আরবিতে পরীক্ষা তো হঠাৎ চিন্তা করলেই দিতে পারবে না। বরং এর জন্য চাই বছরের শুরু থেকেই পরিকল্পিত প্রস্তুতি। ভালোভাবে আরবিতে পরীক্ষা দিতে নিচের বিষয়গুলোর প্রতি লক্ষ্য রাখতে হবে :

- কিতাবের ইবারতগুলো ভালো করে পড়া।
- تحديد النقاط الرئيسية والفرعية في كل درس. وتكرار قراءتها لتثبيتها في الذاكرة - অর্থাৎ প্রত্যেক

দরসের মূল ও শাখা বিষয়গুলো পয়েন্ট আকারে লেখা। সেগুলোকে বারবার পড়ে জেহেনে বসাতে চেষ্টা করা।

- পরীক্ষার স্থানগুলো ভালো করে পড়া এবং বুঝে মুখস্থ করা।
- শুরু থেকে আরবি শরাহ মুতালাআ করা। গুরুত্বপূর্ণ স্থানগুলো দাগিয়ে রাখা। সেখান থেকে প্রয়োজনীয় নোট রাখতে চেষ্টা করা।
- আরবি শেখায় গুরুত্ব দেওয়া; কারণ, আরবি না শিখলে শুধু উত্তর মুখস্ত করে মানসম্পন্ন পরীক্ষা দেওয়া যাবে না।
- আরবি عدد معدود বিষয়টি ভালো করে শেখা।
- التخطيط الجيد لدراسة مباحث الامتحان من خلال عمل جدول زمني يتناسب الموضوع অর্থাৎ বিষয়ের সাথে সামঞ্জস্য রেখে পরীক্ষায় আসতে পারে এমন বিষয়গুলো পড়ার জন্য পরিকল্পনা করতে হবে।
- মাঝে মাঝে আরবি ইয়াওমিয়্যাহ লেখার চেষ্টা করা।
- الاطلاع على أوراق امتحانية لسنوات سابقة ومحاولة الإجابة عنها পুরোনো প্রশ্ন সামনে রেখে আরবিতে উত্তর প্রদান করতে চেষ্টা করা। এতে আরবিতে উত্তর লেখার হাত মজবুত হবে।
- পুরোনো কোনো নমুনা না পেলে নিজের পক্ষ থেকে প্রশ্ন বানিয়ে এর উত্তর লিখে উসতাযকে দেখানো।
- বিভিন্ন তারিফ এবং আকসাম আরবিতে মুখস্ত করা।
- দরসের তাকরীর আরবিতে লেখা। দৈনন্দিন সেই তাকরীর মুখস্ত করে রাখা।
- কিছু কিছু আরবি মুরাক্কাবাত মুখস্ত করা।
- মাসআলাগুলোর দলীল খুব ভালোভাবে মুখস্ত করা।
- কাওয়ালিবুল জওয়াব তথা উত্তরের জন্য কিছু নির্দিষ্ট বাক্যকাঠামো হিফয করা।
- عدم الاعتماد على الملخصات البنغالية الصادرة عن المكتبات التجارية বিভিন্ন ব্যবসায়িক লাইব্রেরি থেকে প্রকাশিত বাংলা গাইড পড়া থেকে বিরত থাকা। এতে পরীক্ষার নির্ধারিত উত্তর লিখতে পারলেও মৌলিক যোগ্যতা অর্জন ব্যাহত হবে। যা জীবনের জন্য অপূরণীয় এক ক্ষতি।


মৌলিকভাবে উপরের পরামর্শগুলো মেনে চলার সাথে সাথে খুব ভালোভাবে আরবি শিখতে হবে। মূলত আরবি শেখা অব্যাহত রাখলে সবসময়ের জন্যই উপকার। প্রতিটি পরীক্ষা এবং প্রতিটি মুহূর্তেই আরবি তোমার অনেক উপকারে আসবে ইনশাআল্লাহ।

পরীক্ষার উত্তরপত্রে ব্যবহারের জন্য কিছু নির্দিষ্ট বাক্য মুখস্ত করা উচিত। সেসব বাক্যের একটি তালিকা নিচে প্রদান করা হলো।

পরীক্ষার উত্তরপত্রে
ব্যবহারের জন্য বিশেষ কিছু তাবীর :

المقابل البنغالي	التعبير	رت
প্রথম প্রশ্নের উত্তর	الجواب/الإجابة عن السؤال الأول	١
প্রথম প্রশ্নের বাকি উত্তর ... নং পৃষ্ঠায়	جواب هذا الجزء من السؤال الأول في صفحة...	٢
কুরআন সুন্নাহর আলোকে মাসআলাটি উল্লেখ করছি	أذكر المسألة على ضوء القرآن والسنة	٣
আমি যেদিকে ইঙ্গিত করেছি, তা সাব্যস্ত করণে কিছু প্রমাণ উপস্থাপন করছি	أذكر بعض الشواهد لإثبات ما أشرت إليه :	٤
ইমাম ও ফকীহদের মতামত	آراء الفقهاء والأئمة	٥
এই মাসআলায় ফকীহগণ মতানৈক্য করেছেন	اختلف الفقهاء في هذه المسألة	٦
উদাহরণস্বরূপ	علي سبيل المثال	٧
এটি এবং সেটির মাঝে পার্থক্য হচ্ছে	الفرق بينه وبين ذلك	٨
এই বিষয়ে অগ্রাধিকারযোগ্য মত হচ্ছে	القول الراجح في هذا الموضوع/في هذه المسألة	٩
যেমনটি কুরআনে এসেছে	كما جاء في القرآن الكريم	١٠
যেমনটি শিক্ষক দরসে উল্লেখ করেছেন	كما ذكر الأستاذ في الدرس	١١
যেমনটি নিম্নের উদাহরণে	كما في الأمثلة التالية	١٢
যেমনটি লেখক তার কিতাবে বর্ণনা করেছেন	كما نقل المصنف في كتابه	١٣
যেমনটি হাদিসে বর্ণিত হয়েছে	كما ورد في الحديث	١٤
এতে স্পষ্ট হলো যে,	لقد تبين من هذا	١٤
মুসান্নিফ আবু ইউসুফ রহ. এর মতের পক্ষে	مال المصنف إلى قول أبي يوسف رحمه الله تعالى	١٥

উল্লেখিত মাসআলার দুটি দিক	المسألة المذكورة لها صورتان	١٦
এগুলো হচ্ছে .. হানাফী বা শাফেয়ী মাযহাবের দলিল	هذه أدلة المذهب الحنفي أو الشافعي	١٧
উল্লেখিত প্রমাণাদির প্রতিউত্তর উল্লেখ করছি	وأذكر الرد على الأدلة المذكورة	١٨
আয়াতের তাফসীর নিচে উল্লেখ করছি	وأذكر تفسير الآية فيما يلي	١٩
উল্লেখিত মাযহাবের মধ্যে অগ্রাধিকারযোগ্য হচ্ছে	والترجيح بين المذاهب المذكورة	٢٠
দুই মতের মধ্যে তাতবীক হচ্ছে	والتطبيق بين القولين	٢١
এই মাসআলায় তাতবীক হচ্ছে	والتطبيق في هذه المسألة	٢٢
..ইমাম যেই হাদিস দিয়ে দলিল দিয়েছেন তা হচ্ছে	والحديث الذي استدل به الإمام...	٢٣
এই মাসআলায় আমার নিকট প্রনিধাণযোগ্য মত হচ্ছে	والراجح عندي في هذه المسألة	٢٤
এই প্রকারের উদাহরণ নিচে	والمثال لهذا القسم فيما يلي	٢٥
এই মাসআলার জন্য কিছু দলিল হচ্ছে	وإليكم بعض الأدلة لهذه المسألة	٢٦
ভিন্নভাবে বলা যায়	وبعبارة أخرى	٢٧
সারকথা হচ্ছে	وخلاصة الكلام	٢٨
এই মাসআলায় আমার মত হচ্ছে	ورأيي في هذه المسألة	٢٩
নিচে সে বিষয়ের বিস্তারিত উদাহরণসহ তুলে ধরা হলো :	وفيما يلي تفاصيل ذلك مع الأمثلة :	٣٠
এই কথাটি বুঝায়	وهذا الكلام يدل على	٣١
এই বিষয়টি দুই ভাগে বিভক্ত / তিন প্রকার	وهذا الموضوع ينقسم إلى قسمين أو إلى ثلاثة أقسام	٣٢
এটি কারো অজানা নয়	وهذا لا يخفى على أحد	٣٣
এই বিষয়টি ইঙ্গিত করে	وهذا يشير إلى	٣٤
এই উত্তরটি বিষয়টিকে শক্তিশালী করে	ويؤيد هذا الجواب	٣٥



পরীক্ষা বিষয়ক কিছু গুরুত্বপূর্ণ পরামর্শ :

প্রাসঙ্গিক হিসেবে এখানে পরীক্ষা বিষয়ক কিছু গুরুত্বপূর্ণ পরামর্শ ও নির্দেশনা প্রদান করা হচ্ছে। আশা করি তালিবুল ইলমদের পরীক্ষায় ভালো ফলাফল করতে সহায়ক হবে ইনশাআল্লাহ।

মৌলিক কয়েকটি কথা :

- পরীক্ষায় ভালো ফলাফল করা অবশ্যই গুরুত্বপূর্ণ। তবে একজন তালিবুল ইলমকে পরীক্ষায় ভালো করার পাশাপাশি দক্ষতা ও যোগ্যতা অর্জনে বেশি মনোযোগী হতে হবে। কখনো কখনো বিশেষ বিশেষ প্রশ্ন পড়ে মানুষ ভালো ফলাফল করে। তবে পরবর্তীতে সে বিভিন্ন সময়ে যোগ্যতা ও দক্ষতা না থাকায় লজ্জিত হয়। তাই দক্ষতা ও যোগ্যতা অর্জনে সারা বছর মনোযোগী থাকতে হবে। পরীক্ষায় ভালো করার প্রচেষ্টাও থাকতে হবে।
- পরীক্ষার জন্য প্রস্তুতি গ্রহণ করা ইখলাস পরিপন্থী নয়। অনেকেই এই ভেবে ধোঁকাগ্রস্ত হয় যে, পরীক্ষার জন্য পড়া ও অধ্যয়ন করা ইখলাসের পরিপন্থী। এটি সঠিক নয়।
- অনেকেই সারাবছর পড়ে কিন্তু পরীক্ষার সময় তেমন পড়ালেখা করে না। এটি ঠিক নয়। পরীক্ষায় ভালো করাও একজন ছাত্রের জন্য কর্তব্য। কারণ, সে কতটুকু অর্জন করতে পেরেছে তা পরীক্ষার মাধ্যমে কিছুটা বুঝা যাবে।

পরীক্ষার আগে :

- বছরের শুরু থেকেই প্রাথমিক প্রস্তুতি গ্রহণ করতে হবে।
- পরীক্ষায় আসতে পারে এমন গুরুত্বপূর্ণ স্থানগুলো শুরু থেকেই দাগিয়ে রাখতে হবে।
- সুযোগ হলে নিজের মতো করে সেই বিষয়ে নোট তৈরি করতে হবে।

পরীক্ষার আগের রাতে :

- মূল মূল বিষয়গুলো খুব দ্রুত দেখতে হবে। পূর্বের করা নোটগুলোর ওপর একবার নজর বুলাতে হবে।
- বিশেষ বিশেষ স্থানগুলো শেষবারের মত মাথায় সেট করে নিতে হবে।
- যথাসম্ভব দ্রুত শুয়ে যেতে হবে। বেশি রাত করলে সকালের ঘুমের চাপ থাকতে পারে। এতে কখনো পরীক্ষা ছুটে যাওয়ার ভয় থাকে। অথবা পরীক্ষা খারাপ হওয়ারও ভয় থাকে।

পরীক্ষার দিন :

- التأكد من جدول الامتحان পরীক্ষার দিন অবশ্যই পরীক্ষার রুটিন সম্পর্কে অবগত থাকতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য যাবতীয় সরঞ্জামাদি সঙ্গে নিতে হবে। কলম, পেন্সিল, স্কেল, প্রবেশপত্রসহ যাবতীয় সবকিছু।

- حمل الأدوات اللازمة للاختبار পরীক্ষার জন্য প্রয়োজনীয় আসবাবপত্র সঙ্গে নিন।

- قراءة التعليمات والإرشادات الخاصة بالامتحان المتعلقة على اللوحة الخاصة بذلك عند الوصول إلى قاعة الامتحان، والالتزام بها অর্থাৎ পরীক্ষার হলের জন্য নির্ধারিত দিক নির্দেশনা পড়ে নিতে হবে এবং তা বাস্তবায়ন করতে হবে।

পরীক্ষার হলে :

- الجلوس في المكان المحدد داخل قاعة الامتحان حسب رقم الجلوس.

- الالتزام بالهدوء قبل بدء الامتحان، وقراءة سورة الفاتحة والتوجه بالدعاء إلى الله بغرض التوفيق.

- كتابة البيانات الشخصية على الغلاف الخارجي لدفتر الإجابة.

- قراءة جميع أسئلة ورقة الامتحان.

- عدم الارتباك عند الشعور بنسيان المعلومات، فذلك أمر طبيعي أثناء الامتحان.

- توزيع زمن الامتحان بناء على عدد الأسئلة.

- البدء بالإجابة من الأسهل. ابدأ في حل السؤال الذي تعرفه أولاً من كل أسئلة الامتحان ولا تقف عند السؤال الذي تشك في الإجابة عنه، ودع الإجابة لآخر الوقت.


- عمد ترك أي سؤال أو أحد فروعه من غير أن تجيب عنه، فالإجابة التي تظنها غير صائبة لربما تكون صائبة أو تحمل جزءا من الصواب.

- مراجعة الإجابات، والتأكد من أنك أجبت عن جميع الأسئلة بالشكل المطلوب.

পরীক্ষা শেষে :


مغادرة قاعة الامتحان بهدوء.

عدم مراجعة إجابات أسئلة الامتحان مع الطلبة.



الإنشاء الوظيفي

الإنشاء الوظيفي বলা হয় এমন রচনাকে, যার মাধ্যমে ব্যবহারিক জীবনের কোনো বাস্তব প্রয়োজন মেটানো হয়। যেমন দরখাস্ত, শুভেচ্ছাবার্তা, বিজ্ঞাপন, ঘোষণা, মানপত্র ও প্রতিবেদন ইত্যাদি। আমরা খুব প্রয়োজনের দিক বিবেচনা করে এখানে কয়েকটি বিষয়ের নমুনা ও দরকারী বিষয় উল্লেখ করব। পরবর্তীতে যার যার সুযোগ অনুযায়ী বাকি বিষয়গুলো শিখে নিতে চেষ্টা করবে ইনশাআল্লাহ।



أولا : الطلبات

الطلب এর বহুবচন الطلبات অর্থ দরখাস্ত। কোন প্রয়োজন উপস্থাপন করে তা বাস্তবায়নের লিখিত অনুরোধকে الطلب বা দরখাস্ত বলে। দরখাস্তের অনেক প্রকার রয়েছে। যেমন, ছুটির আবেদন, সাহায্যের আবেদন, নিয়োগ ও পদোন্নতির আবেদন ইত্যাদি।

أجزاء الطلب :
দরখাস্তের বিভিন্ন অংশ :

الابتداء، الديباجة، التحية، صلب الموضوع، الختام، التوقيع، والتاريخ.

الألقاب المستخدمة في الطلبات :
দরখাস্তে ব্যবহৃত বিভিন্ন উপাধি :

صاحب المعالي، سماحة، سعادة، فضيلة.

البداية في صلب الموضوع :
দরখাস্তের শুরুতে ব্যবহৃত বাক্য :

- أتشرف بأن أقدم هذا الطلب إلى مقام سعادتكم العالي، وأفيدكم فيه بأنني...
- أتقدم إلى مقام فضيلتكم بتحياتي الطيبة وتقديراتي المخلصة، وأفيدكم فيه بأنني...

النهاية في صلب الموضوع :
দরখাস্তের মূল বক্তব্যের শেষে ব্যবহৃত বাক্য :

وعليه أرجو من سعادتكم التكرم بالموافقة على الإتاحة لي...

الختام:

সমাপ্তি অংশ:

- ولكم جزيل الشكر وفائق الاحترام.
- ولكم جزيل الشكر وفائق الامتنان، ودمتم في رعاية الله وحفظه.
- مع جزيل الشكر وفائق الاحترام.
- ولسعادتكم جزيل الشكر وفائق الاحترام.
- هذا ولسعادتكم أجزل الشكر وأبلغ العرفان.
- هذا ولسعادتكم مني أجزل الشكر وأبلغ العرفان.

النموذج: ١

بسم الله الرحمن الرحيم

فضيلة مدير مدرسة دار العلوم المحترم

المدرسة الإسلامية دار العلوم تنغي، غازي بور.

الموضوع: طلب منح الإجازة المرضية

السلام عليكم ورحمة الله وبركاته

بعد التحية الطيبة أتشرف بأن أُقدم هذا الطلبَ إلى مَقام فضيلتكم، وأفيدكم فيه علماً بأنني أُعاني مِن الحمى الموسِمية الشَدِيدة منذ يومين، وإنني أحتاج إلى مُراجَعةِ الطبيبِ لأخذِ العِلاج، فأريد الذَّهابَ إلى البيتِ لهذا الغرَض.

فأرجو من سعادتكم التكرم بالموافقة على منحي إجازة مرضية لمدة أسبوع/ يومين.

ولكم جزيل الشكر وفائق الامتنان، ودمتم في رعاية الله وحفظه.

والسلام عليكم

مقدم الطلب:

عبد الله بن عبد الرحمن

الصف الثامن

النموذج: ٢

بسم الله الرحمن الرحمن

سعادة عميد شئون المكتبات -حفظه الله ورعاه

عمادة شئون المكتبات

الجامعة الإسلامية بالمدينة المنورة

الموضوع: طلب منح كتب اللغة العربية وآدابها والعلوم الإسلامية.

السلام عليكم ورحمة الله وبركاته

بعد التحية الطيبة وتقديم واجب الاحترام أتشرف بأن أقدم هذا الطلب إلى مقام سعادتكم، وأفيدكم فيه بأنني الموقع أدناه – أستاذ اللغة العربية بالجامعة الإسلامية داكا، وأزاول مهنة التدريس ست عشرة سنة، وأدرس القواعد العربية (النحو والصرف) والأدب العربي والمواد الإسلامية. وأنا أحتاج إلى الكتب التي تساعدني في مجال التدريس في المواد المذكورة.

فلذا أرجو التكرم من سعادتكم بالموافقة على هذا الطلب تعاونا على البر والتقوى، وتسهيلا لي في تدريس هذه المواد بإتقان.

ولكم جزيل الشكر وفائق الاحترام.

والسلام عليكم

عبد الله بن عبد الرحمن

أستاذ في قسم اللغة العربية

مركز اللغة العربية بنغلاديش.

التاريخ: ....

ثانيا : الإعلان

نموذج الإعلان عن الالتحاق:

إعلان هام

تاريخ : ١٤٤٣/٨/١هـ

تسجيل الطلبة لدورة تعليم اللغة العربية.

تعلن إدارة القبول والتسجيل في مركز اللغة العربية بنغلاديش عن فتح باب التسجيل لدورة شعبان للعام الدراسي ١٤٤٢/١٤٤٣ هـ. وذلك اعتبارا من يوم الثلاثاء الموافق ١٤٤٣/٨/١٠هـ. ويمتد حتى يوم السبت الموافق ١٤٤٣/٨/١٤هـ، وسيتم التسجيل في إدارة القبول والتسجيل بمقر المركز في واشبور، محمدبور، داكا.

إدارة القبول والتسجيل

(الختم)

مركز اللغة العربية بنغلاديش

نموذج الإعلان عن الاختبار:

إعلان هام عن موعد الاختبار النهائي للعام الدراسي ٢٠٢١- ٢٠٢٢

التاريخ :

يعلن قسم الاختبار بالمدرسة الإسلامية داكا بأن موعد اختبار الفصل الدراسي الأول للعام الدراسي ٢٠٢١-٢٠٢٢م سيبدأ يوم الثلاثاء الموافق ٢٠٢٢/٠٥/٠٩ م ولمدة أسبوع.

مع تمنياتنا للجميع بالتوفيق .

قسم الاختبار

(التوقيع)

المدرسة الإسلامية داكا

ثالثا: التهنئة

আনন্দ বা উৎসবের মতো কোন উপলক্ষে ব্যবহৃত বিশেষ কথামালা বা বর্ণনাকে অভিনন্দনবার্তা বলে। এখানে দুটি অভিনন্দন বার্তার নমুনা প্রদান করা হলো। এই নমুনা দুটি খুব ভালোভাবে মুখস্থ করতে হবে। কয়েকবার খাতায় লিখতে হবে। রমজান ও ঈদে পরিচিত কাউকে লিখে পাঠাতে হবে। এভাবে চর্চার মাধ্যমে যেকোনো সময় নিজ থেকে অভিনন্দন লেখা যাবে ইনশাআল্লাহ।

نموذج التهنئة بمناسبة شهر رمضان المبارك:

رمضان كريم تقبل الله منّا ومنكم صالح الأعمال

أتقدم إليكم بأحر التهاني وأخلص التمنيات بمناسبة حلول شهر رمضان المبارك لعام ١٤٤٣هـ أهله الله علينا وعليكم بالأمن والإيمان، راجيا من المولى عز وجلّ أن يمدّ الجميع بموفور الصحة والعافية ويعيده علينا وعلى كافة الأمة الإسلامية بالخير والبركة واليمن والبركات، وكل عام وأنتم بخير.

نموذج التهنئة بمناسبة العيد :

أتقدم إليكم بأخلص التهاني وأطيب الأماني بمناسبةِ عيدِ الفطر المبارك سائلا المولى الكريم أن يعيده علينا وعلى جميعِ الأمة الإسلامية بكلِّ خير وبركة، كل عام وأنتم بخير.

رابعا : التعزية

তা'যিয়া অর্থ হচ্ছে শোকবার্তা। কারও মৃত্যুতে তার আত্মীয়-স্বজনকে শান্ত্বনা প্রদানের জন্য দুআ স্বরূপ এই বার্তা প্রেরণ করা হয়। নিচে নমুনা হিসেবে একটি শোকবার্তা প্রদান করা হলো। এটি খুব ভালোভাবে মুখস্ত করতে হবে এবং সুযোগ পেলে ব্যবহার করতে হবে।

نموذج التعزية بمناسبة وفاة الأب:

أتقدم إليكم بخالص التعازي وبالغ المواساة بوفاة أبيكم الغالي، سائلا المولى الكريم أن يشمل فقيدكم بعفوه ورضوانه ويسكنه فسيح جناته، وأن يلهمكم جميل الصبر والسلوان، إنا لله وإنا إليه راجعون.


المنتقى

من الأمثال والحكم



محيي الدين الفاروقي

خادم لغة القرآن والسنة




الأمثال والحكم
প্রবাদ-প্রবচন

الأمثال من القرآن الكريم:

رت	المثل	المعنى المقابل
١	الآن حصحص الحق (يوسف :٥١).	সত্য প্রকাশ পেয়েছে
٢	أليس الصبح بقريب (هود : ٨١).	প্রভাত কি নিকটবর্তী নয়?
٣	كل نفس بما كسبت رهينة (المدثر : ٣٨)	প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের দায়ে আবদ্ধ
٤	لكل نبأ مستقر، وسوف تعلمون (الأنعام : ٦٧).	প্রত্যেক বার্তার জন্য নির্ধারিত সময় রয়েছে, এবং শীঘ্রই তোমরা অবহিত হবে।
٥	هل جزاء الإحسان إلا الإحسان (الرحمن : ٦٠).	উত্তম কাজের জন্য উত্তম পুরস্কার ব্যতীত কী হতে পারে?
٦	وما على الرسول إلا البلاغ المبين (المائدة : ٩٩).	প্রচার করাই কেবল রাসূলের কর্তব্য।
٧	لا يكلف الله نفسا إلا وسعها (البقرة : ٢٨٦).	আল্লাহ কারো ওপর সাধ্যাতীত দায়িত্ব অর্পণ করেন না।
٨	ظهر الفساد في البر والبحر (الروم : ٤١).	জলে স্থলে বিপর্যয় ছড়িয়ে পড়েছে
٩	قل لا يستوي الخبيث والطيب (المائدة : ١٠٠).	বলে দিন, ভালো ও মন্দ এক নয়।
١٠	فاعتبروا يا أولي الأبصار (الحشر : ٢).	হে চক্ষুষ্মান ব্যক্তিগণ! তোমরা উপদেশ গ্রহণ কর।

الأمثال من الحديث الشريف:


رت	المثل	المعنى المقابل
١	اتقوا النار ولو بشق تمرة.	তুচ্ছ জিনিসের মাধ্যমে হলেও জাহান্নাম থেকে বেঁচে থাক।
٢	إن من الشعر لحكمة.	কবিতায় রয়েছে প্রজ্ঞা।
٣	إن من البيان لسحرا.	বক্তৃতায় রয়েছে যাদু।
٤	ليس الخبر كالمعاينة.	বাস্তবতা শোনার মতো নয়।
٥	اليد العليا خير من اليد السفلى.	নিচের হাতের তুলনায় উপরের হাত উত্তম।
٦	الدال على الخير كفاعله.	কল্যাণের প্রতি আহ্বানকারী কল্যাণকারীর মতোই।
٧	خير الغنى غنى النفس.	আত্মার ধনীই প্রকৃত ধনী ।
٨	الدين النصيحة.	দ্বীন হচ্ছে কল্যাণকামিতা।
٩	أعظم الخطايا اللسان الكذوب.	মিথ্যা সবচাইতে বড় অপরাধ।
١٠	الشديد من ملك نفسه.	নিজেকে সংযত করতে পারাই শ্রেষ্ঠত্ব।



الأمثال العربية المشهورة
কিছু প্রসিদ্ধ প্রবাদ

رت	المثل	المعنى/ المقابل البنغالي
١	أَحَشَفاً وَسُوءَ كِيلَةٍ ؟	চুরি তো চুরি আবার সিনা জুড়ি/ চোরের মার বড় গলা
٢	مَصَائِبُ قَوْمٍ عِنْدَ قَوْمٍ فَوَائِدُ	কারও পৌষ মাস কারও সর্বনাশ
٣	بَلَغَ السَّيْلُ الزُّبَى	পানি মাথার উপর দিয়ে গড়িয়ে গেছে
٤	لِلْهِرَّةِ تِسْعُ أَرْوَاحٍ (يذكر ويؤنث)	কৈ মাছের প্রাণ

চোর গেলে বুদ্ধি আসে	بَعْدَ المَوْتِ يَأْتِي الطَّبِيْبُ	٥
চুন খেয়ে মুখ পুড়ে দই দেখে ভয় পায়	الطِّفْلُ المكْتَوى بِالنَّارِ يَخَافُ النَّارَ	٦
দেখার চেয়ে শোনাই ভালো	أَنْ تَسْمَعَ بِالمعَيْدِيْ خَيْرٌ مِنْ أَنْ تَرَاهُ	٧
হাতেমের চেয়েও বড় দানশীল	أجود من حاتم	٨
সময় শিষ্টাচারের শ্রেষ্ঠ শিক্ষক	نعم المؤدب الدهر	٩
আপনের চেয়ে পর ভালো	رُبَّ بعيدٍ أنفعُ من قريبٍ.	١٠
লেজে-গোবরে অবস্থা	اختلط الحابل بالنابل	١١
এই যে তোমার কুড়ালের আঘাত, কীভাবে তোমাকে প্রতিদান দিই?	كيف أعاوضك وهذا أثر فأسك	١٢
বাপ কা বেটা/ বেটারে একটা	هذا الشِّبل من ذاك الأسد	١٣
সঠিক পরিচালনার অভাবে কাজ ভেস্তে যায়	من ساء تَدْبِيرُه هَلَكَ جندُه	١٤
যতটুকু পার ততটুকু নাও	حسبك من القلادة ما أحاط بالعنق	١٥



الحكم العربية العامة
কিছু প্রসিদ্ধ বিজ্ঞবচন

المعنى/ المقابل البنغالي	الحكمة	الرقم
শিষ্টাচার সৌন্দর্য্য, তা রক্ষা করতে পারাই পূর্ণতা	الأَدَبُ مَالٌ واسْتِعْمَالُه كَمَالٌ	١
আলেমের ভুলে জাতি ক্ষতিগ্রস্ত হয়	إِذَا زَلَّ العَالِمُ زَلَّ بِزَلَّتِه العَالَمُ	٢
যে তোমাকে সহযোগিতা করে সে তোমার ভাই	إِنَّ أَخَاكَ مَنْ آساكَ	٣
কাঁটা দিয়ে কাঁটা তোলা	إِنَّ الحَدِيْدَ بِالحَديدِ يُفْلَحُ	٤
বিনম্রতা মহত্ত্বের বহিঃপ্রকাশ	تَاجُ المُرُوْءَةِ التَّوَاضُعُ	٥

যেমন কর্ম তেমন ফল	الجَزاءُ مِنْ جِنْسِ العَمَلِ	٦
ঠেলার নাম বাবাজি	جَوِّعْ كَلْبَكَ يَتْبَعْكَ	٧
প্রয়োজনই উদ্ভাবনের জনক	الحَاجَةُ أُمُّ الاخْتِرَاعِ	٨
কথার নাম লতা/ কথার পিঠে কথা আসে।	الحَدِيثُ ذُوْ شُجُونٍ	٩
মন্দ শোনেই ক্ষান্ত থাক	حَسْبُكَ مِنْ شَرٍّ سَمَاعُه	١٠
বড় বয়সের হিফয বালিতে লিখন, ছোটকালের হিফয পাথরে অংকন	الحِفْظُ فِيْ الكِبَرِ كَالرَّسْمِ فِي الرَّمْلِ وَ الحِفْظُ فِي الصِّغَرِ كَالنَّقْشِ فِي الحَجَرِ	١١
মধ্যমপন্থাই উত্তম	خَيرُ الأُمُوْرِ أَوْسَطُهَا	١٢
ভালো তো অনেক, করে কয়জনে?	الخَيرُ كثيرٌ وقَليلٌ فَاعِلُه	١٣
এক মাঘে শীত যায় না	دَوَامُ الحَالِ مِنَ المُحَالِ	١٤
কখনো আপনের চেয়ে পরও ভালো	رُبَّ بَعِيْدٍ أَنْفَعُ مِنْ قَرِيْبٍ.	١٥
সাহস করলেই কেল্লা ফতে	رُبَّ هِمَّةٍ أَحْيَتْ أُمَّةً	١٦
অল্পে তুষ্ট থাকলে কারো কাছে হাত বাড়াতে হয় না	الرِّضى بِالكَفَافِ يُؤَدِّي إلى العَفَافِ	١٧
মড়ার ওপর খারার ঘা	زَادَ الطِّيْنُ بَلَّةً	١٨
কাটা গায়ে নুনের ছিটা	الزَّجْرُ عِنْدَ المصِيبَةِ مُصِيبَةٌ أُخْرى	١٩
ব্যবহারে বংশের পরিচয়	سِيرَةُ المَرْءِ تُنْبِئُ عَنْ سَرِيرَتِه	٢٠
সূর্য আর সত্য দুটোই সমান	شُعَاعُ الشَّمْسِ لا يَخْفى ونُوْرُ الحَقِّ لا يَطْفى	٢١
সত্যের ক্ষয় নাই	صِدْقُ المَرْءِ نَجَاةٌ فِي الدَّارَيْنِ	٢٢
বিপদে বন্ধুর পরিচয়	الصَّدِيْقُ عِنْدَ الضِّيْقِ	٢٣

কর্মেই দারিদ্র থেকে মুক্তি	صَنْعَةٌ فِي اليَدِ أَمَانٌ مِنَ الفَقْرِ	٢٤
ব্যবহারে বংশের পরিচয়	طَهَارَةُ الأَخْلَاقِ مِنْ كَرَمِ الأَعْرَاقِ	٢٥
পুরান চাল ভাতে বাড়ে	طُوْلُ التَّجَارِبِ زِيَادَةٌ فِي العَقْلِ	٢٦
জ্ঞানীর ধারণা মুর্খের বিশ্বাসের চেয়ে উত্তম	ظَنُّ العَاقِلِ خَيْرٌ مِنْ يَقِيْنِ الجَاهِلِ	٢٧
অহঙ্কারই পতনের মূল	العُجْبُ دَاءٌ قَاتِلٌ	٢٨
অল্প বিদ্যা ভয়ংকর	العِلْمُ القَلِيْلُ شَيْءٌ خَطِيْرٌ	٢٩
নাই মামার চেয়ে কানা মামা ভালো	القَلِيْلُ خَيْرٌ مِنَ الكَثِيْرِ	٣٠
অতি ভক্তি চোরের লক্ষণ।	كَثْرَةُ التَّوَاضُعِ مِنَ الخَدِيْعَةِ	٣١
আমড়া কাঠের ঢেকি / ধোপার কুকুর না ঘাটের, না ঘরের।	لَا فِي العِيْرِ وَلَا فِي النَّفِيْرِ	٣٢
ঝোঁপ বুঝে কোপ মারা	لِكُلِّ مَقَامٍ مَقَالٌ	٣٣
চকচক করলেই সোনা হয় না	لَيْسَ كُلُّ مَا يَلْمَعُ ذَهَبًا	٣٤
জনবলই শক্তি	المرءُ كثيرٌ بأَخِيْه	٣٥
সুখের সাথে দুঃখ থাকে	مَعَ كُلِّ فَرْحَةٍ تَرْحَة	٣٦
যে সহে সে রহে	مَنْ تَأَنَّى أَدْرَكَ مَا تَمَنَّى	٣٧
কষ্টে কেষ্ট মেলে।	مَنْ جَدَّ وَجَدَ وَمَنْ رَقَدَ فَقَدَ	٣٨
সবুরে মেওয়া ফলে	مَنْ صَبَرَ ظَفِرَ/ مَنْ صَبَرَ نَالَ الْمُنَى	٣٩
হাস্যরসে মান কমে যায় / যে হাসে সে ভাসে	مَنْ كَثُرَ مِزَاحُهُ زَالَتْ هَيْبَتُه	٤٠
যার হয় না নয়ে, তার হয় না নব্বইয়ে	مَنْ لَمْ يَتَّعِظْ بِمَوْتِ وَلَدٍ، لَمْ يَتَّعِظْ بِقَوْلِ أَحَدٍ	٤١


ভাগ্যের লিখন যায় না খণ্ডন।	نَصِيبُكَ يُصِيبُكَ/ الذي مِنْ نَصِيبِكَ يُصِيبُكَ	٤٢
সতর্কতার মাইর নেই/ চিকিৎসা থেকে সতর্কতা উত্তম	الوِقَايَةُ خَيرٌ مِنَ العِلَاجِ	٤٣
রসিকতা ঘৃণা সৃষ্টি করে।	المزاح يورث الضغينة	٤٤
বিবেক বুদ্ধিই উত্তম প্রতিভা	خير المواهب العقل	٤٥
অজ্ঞতা বড় বিপদ	شر المصائب الجهل	٤٦
সত্যের পাশে থাকাই আভিজাত্য	نصرة الحق شرف	٤٧
উপহার বিদ্বেষ দূর করে।	الهدية تذهب السخيمة	٤٨
চুপ থাকা ক্রোধের ঔষধ।	دواء الغضب الصمت	٤٩
যে তার মনের কথায় চলে সে অপমানিত হয়	من اتبع هواه ذم	٥٠

"তোমার মেধা নেই"
এ কথা বলে বসে থাকার সুযোগ নেই।
অভ্যাস, চর্চা ও পরিশ্রমের মাধ্যমে
তুমিও আরবি শিখতে পারবে ইনশাআল্লাহ।






একটি ভাষা ভালোভাবে আয়ত্ত করতে হলে সেই ভাষার শব্দভাণ্ডার, বাক্যের গঠন ও তার ব্যবহার খুব ভালোভাবে আয়ত্ত করতে হবে। নিয়মিত ব্যবহার ও অনুশীলন না করলে শুধু শব্দ ও বাক্য শিখে ভাষা রপ্ত করা যায় না।



فن الإلقاء والتقديم



- التقديم
- الخطبة العامة
- خطبة الجمعة



উপস্থাপনা কী?

উপস্থাপনা একটি শিল্প। আরবিতে বলা হয় তাক্বদীম। একজন উপস্থাপক অনুষ্ঠানের সূচনা করেন। বক্তাদের মঞ্চে ডাকেন। অনুষ্ঠানের সার্বিক দিক লক্ষ করেন। সূচনা ও সমাপ্তির বিষয়টি খুব সচেতনভাবে খেয়াল রাখেন।

আলোচনা অনুষ্ঠানকে প্রাণবন্ত করার অন্যতম একটি অংশ উপস্থাপনা। অনেক সময় আলোচক ও অন্যান্য সব ভালো হলেও উপস্থাপনার দুর্বলতায় একটি অনুষ্ঠান অসুন্দর হয়ে যায়।

উপস্থাপনা এমন কোনো বিষয় নয় যে, এটি করা যাবে না বা উপস্থাপক হওয়া কঠিন ব্যাপার। প্রশিক্ষণ ও চর্চার মাধ্যমে ভালো উপস্থাপক হওয়া যায়। কেউ কেউ উপস্থাপনা করতে করতে এক সময়ে বেশ দক্ষ হয়ে ওঠেন। ঘণ্টার পর ঘণ্টা দর্শক-শ্রোতাদেরও মুগ্ধ করে রাখতে পারেন।

এক্ষেত্রে আরবিতে উপস্থাপনা করতে হলে বা যেকোনো বিদেশী ভাষায় উপস্থাপনা করতে হলে সেই ভাষায় কিছুটা দক্ষ হতে হয়। নির্দিষ্ট কিছু বাক্য ও গদ্য মুখস্থ করার পাশাপাশি হঠাৎ কোনো কথা বা বাক্য বলার মতো দক্ষতা তৈরি করতে হয়।

সফল উপস্থাপক হতে হলে কিছু বিষয়ের দিকে খেয়াল রেখে নিরলসভাবে পরিশ্রম ও অনুশীলন চালিয়ে যেতে হবে।

গুরুত্বপূর্ণ যে বিষয়গুলোর দিকে লক্ষ রাখতে হবে :

সঠিক প্রস্তুতি : উপস্থাপক হিসেবে সফল হতে হলে তোমাকে অবশ্যই সঠিকভাবে প্রস্তুতি নিতে হবে। সেই প্রস্তুতি তুমি এখনই শুরু কর। আশা করছি একটু একটু করে প্রস্তুতি নিতে থাকলে তুমিই হবে আগামীর শ্রেষ্ঠ ও সফল উপস্থাপক।

বিষয়বস্তু সম্বন্ধে ধারণা : বিষয় সম্পর্কে ধারণা না থাকলে উপস্থাপনা করা খুবই কঠিন। তাই যে বিষয়ে উপস্থাপনা করবে বা অনুষ্ঠান যে বিষয়ে হবে, সে বিষয়ে দরকারি সব তথ্য সংগ্রহ করবে। তাহলে তোমার উপস্থাপনা প্রাণবন্ত হবে।

বিশুদ্ধ উচ্চারণ : উপস্থাপকের জন্য বিশুদ্ধ উচ্চারণ আয়ত্ব করা একান্ত কর্তব্য। উচ্চারণ বিশুদ্ধ না হলে ভালো কথাও ভালো লাগে না। সুন্দর কথাও সুন্দর শোনায় না।

শব্দের স্পষ্টতা : কথায় ব্যবহৃত শব্দগুলো স্পষ্ট করে উচ্চারণ করতে হবে। মুখের ভেতরে শব্দ বা বাক্য থাকলে তা সুন্দর শোনায় না।

শারীরিক ভাষা বা অঙ্গভঙ্গি : উপস্থাপনার ক্ষেত্রে অঙ্গভঙ্গির বিশেষ ভূমিকা রয়েছে। গবেষকদের তথ্য অনুযায়ী অঙ্গভঙ্গির মাধ্যমে কথার প্রায় ৩০-২০ ভাগ বোঝা যায়।

উপস্থিত জ্ঞান : উপস্থাপনার ক্ষেত্রে উপস্থিত জ্ঞান অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে অনুষ্ঠানে ঘটে যাওয়া যে কোন অনাকাঙ্খিত ঘটনা সহজেই এড়ানো যায়। অথবা যে কোন পরিস্থিতির সুন্দর সমাধানটি দেয়া যায়।

পরিচ্ছন্ন ও মানানসই পোশাক : সুন্দর পরিচ্ছন্ন পোশাক পরে উপস্থাপনায় অংশ নিতে হবে। অযাচিত বা অরুচিকর পোশাক বর্জন করতে হবে।

সময়ের প্রতি সজাগ দৃষ্টি : উপস্থাপককে সময়ের প্রতি সজাগ দৃষ্টি রাখতে হবে। যথাসময়ে অনুষ্ঠান শুরু ও শেষ করা তার দায়িত্ব। আলোচককে কতটুকু সময় দেবে সে বিষয়টিও তাকে হিসেব করতে হবে। নিজেও নিজের জন্য সময় নির্ধারণ করে নেবে।

অতিরিক্ত কথা ত্যাগ করতে হবে : উপস্থাপককে প্রয়োজনের বাইরে অতিরিক্ত কথা বলা থেকে বিরত থাকতে হবে। ভূমিকাকে অনেক লম্বা করা যাবে না। কাউকে ডাকার শুরুতে অতিথির ব্যাপারে অতিরিক্ত কথা বলা যাবে না।

শব্দ ব্যবহারে সচেতনতা : উপস্থাপককে শব্দ ব্যবহারে সচেতন হতে হবে। অযাচিত শব্দ ব্যবহার থেকে বিরত থাকতে হবে। অতিথি বা কারো ক্ষেত্রে হাস্যরস করে কোন শব্দ ব্যবহার করা যাবে না। কখনো সেই শব্দের কারণেই ঘটে যেতে পারে কোন অনাকাঙ্ক্ষিত ঘটনা।

প্রশিক্ষণ গ্রহণ করা : কথাশিল্প আত্মস্থ করতে উচ্চারণ, শৈলী বা এবিষয়ে বিভিন্ন নিয়ম কানুন শিখতে কিছু প্রশিক্ষণ করা উত্তম। সরাসরি কোন উপস্থাপকের তত্ত্বাবধানে কিছু শিখলে তাতে ফায়দা হয় অনেক বেশি।



মাদরাসার আরবি বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠান সম্পর্কে কয়েকটি কথা :

প্রতি বছরই প্রায় সব মাদরাসায় আরবি বক্তৃতা প্রতিযোগিতা হয়। কোথাও কোথাও সাপ্তাহিক আয়োজন হয়ে কয়েক মাস পর বাছাইকৃতদের মধ্যে প্রতিযোগিতা হয়। কয়েকটি অনুষ্ঠানে উপস্থিত হওয়ার সুবাদে আমার কিছু অভিজ্ঞতা হয়েছে। তারই প্রেক্ষিতে কয়েকটি কথা নিবেদন করছি :

:: উপস্থাপককে ভালো করে উপস্থাপনা শিখতে হবে। একটি বড় অনুষ্ঠানে উপস্থাপনার দায়িত্ব একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। তাই মোটামুটি অভিজ্ঞতার ওপর ভিত্তি করে এমন অনুষ্ঠানে উপস্থাপনা করা উচিত নয়। যিনি উপস্থাপনা করবেন, তাকে অবশ্যই এর জন্য বিশেষ প্রস্তুতি নিতে হবে। প্রস্তুতির জন্য আমাদের কিতাবের আরবি উপস্থাপনা অংশ অথবা আমাদের প্রকাশিতব্য 'ফান্নুত তাকদীম ওয়াল খাতাবাহ' থেকে সহযোগিতা নেয়া যেতে পারে।

:: উপস্থাপক ও বক্তা শ্রোতাদেরকে একই শব্দ দিয়ে বারবার সম্বোধন করবে না। বরং একেকবার একেকরকম শব্দ বা উপাধি দিয়ে সম্বোধন করবে। এক্ষেত্রে অনেকগুলো সম্বোধন-বাক্য শিখে নিতে হবে। এই কিতাবে কিছু দেওয়া আছে, মুখস্ত করে নেওয়া যেতে পারে।

:: প্রায় অধিকাংশের বক্তৃতার ভূমিকা অনেক বড় হয়ে যায়। এতে যথাসময়ে বিষয়বস্তু শেষ করা যায় না। তাই ভূমিকা সময় হিসেবে ছোট করে বলাই ভালো।

:: বক্তৃতায় ব্যবহৃত কুরআনের আয়াত ও হাদিসগুলোকে ভালোভাবে হিফয করতে হবে। আয়াত বা হাদিস কোনোভাবেই ভুল বলা যাবে না।

:: কিছু কিছু বক্তৃতায় ছাত্রদেরকে প্রচুর হাত উঠাতে দেখা যায়। পুরো বক্তৃতা জুড়েই খুব উঁচু আওয়াজ ব্যবহার করতে দেখা যায়। আসলে এটি সুন্দর নয়। আওয়াজ ও হাত উঠানোর সাথে কথা ও বিষয়েরও মিল থাকা চাই। মনে রাখতে হবে, আওয়াজ বড় করলেই বা হাত বার বার উঠালেই নাম্বার পাওয়া যায় না বা বক্তৃতা ভালো হয়ে যায় না।


:: আরবি শব্দগুলোর সঠিক হরকত ও উচ্চারণ জেনে নিতে হবে। প্রচলিত ভুল থেকে বেঁচে থাকতে হবে।

:: অনেকেই মনে করে, বক্তৃতার বিষয় যা হিফয করেছে তার পুরোটা এখানে বলতেই হবে, তাই সে দ্রুত সব বলতে থাকে। বিশেষত প্রথম বেল বাজার পর গরগর করে সব বলে দেয়। মনে রাখতে হবে, এতে ভালো নাম্বার পাওয়া যায় না। ভালো নাম্বার পেতে হলে উপস্থাপন খুব সুন্দর হতে হবে। বিষয়ও পুরোটা ব্যক্ত করতে হবে। তাই প্রস্তুতি নেওয়ার সময় ঘড়ি ধরে প্রস্তুতি নিতে হবে। বেল বেজে গেলে কীভাবে শেষ করতে, হবে তা আগেই ঠিক করে নিতে হবে। এক্ষেত্রে খাতিমাহ বা সমাপ্তিটা খুব সুন্দরভাবে সাজিয়ে মুখস্ত করে নিতে হবে এবং প্রথম বেল বাজার পর সুন্দরভাবে শেষ করে দিতে হবে।









ثانيا: نَماذِج تقديم البَرامِج

النَمُوذَج : (١)

الحمد لله رب العالمين، والعاقبة للمتقين، ولا عُدْوانَ إلا على الظالمين، والصلاة والسلام على النبي الأمين، وعلى آله وأصحابه أجمعين. وبعد!

فيا فضيلةَ الأستاذ، رئيسَ الحفلةِ الأسبوعيةِ التعليميةِ القَيِّمةِ، نحن نتشرّف بقدومكم وحضوركم الميمونِ هذه الحفلةَ المباركةَ، ويا زُملائيَ الأَعِزّاءَ وأحبابيَ الكرامَ، أُحَيِّيْكُم بتحيّة الإسلام الخالدةِ وتحيّةِ أهل الجنة، تحيّةِ يومَ يَلْقَوْنَه سلامٌ، فالسلام عليكم ورحمة الله وبركاته. وأُرحِّب بكم ترحيبا حارًّا، وأهنِّئكم تهنئةً مباركةً، على حضوركم الميمونِ هذه الحفلةَ الأسبوعيةَ.

أيها الإخوة الأفاضل، أصحابَ الفضيلةِ والعلماءِ، أيها الحفلُ الكريمُ، الآن نَوَدُّ أن نبدأ بَرامِجَ الحفلةِ، فخيرُ ما نَستَهِلُّ به حفلتَنا هذه تلاوةُ آيٍ من الذكر الحكيم يتلوها على مَسامِعكم أخونا الفاضلُ .... فاليتفضل مشكورا مأجورا.

ماشاء الله، ما أَحْسَنَ التلاوةَ، وما أَجْوَدَ قراءتَه، وما أَعْذَبَ صوتَه.

جزى الله فضيلةَ القارئِ على هذه التلاوةِ الخاشعةِ العطرةِ، وبارك اللهُ في حياته.

أيها الإخوةُ في الله، يَطيْبُ لنا الآن أن نعيشَ مع الأُنْشُودَة الإسلامية يُقدِّمُها الطالبُ مِيزانُ الرحمن من الصفِّ الثالثِ المتوسِّط بالمدرسة الإسلامية... فلْيَتفضَّلْ مع الشُكْرِ والتقديرِ.

شُكرا للأخ الفاضلِ على إلقاء هذا النشيدِ الرائعِ الجذّابِ الذي تفْرَحُ به أَفئِدتُنا.

بَراعِمَ الإيمانِ، أيها الحفلُ البهيجُ، الآن يُلقِي عليكم مُحاضَرَةً قيِّمةً أخونا الفاضلُ... فليتفضل مشكورا مأجورا.


ماشاء الله! أَشكُر الأخَ الكريمَ على هذه المحاضرة الوجيزة وعلى ما أفادنا من معلوماتٍ مفيدةٍ وأمورٍ نافعةٍ. فجزاه الله أحسن الجزاء.

أيها الحفلُ الكريمُ، الآن يُكْرِمُنا ويُشرِّفُنا بإلقاء كلمةٍ رائعةٍ ومحاضرةٍ مفيدةٍ فضيلةُ الشيخِ عبدُ اللهِ بنُ عبدِ الرحمنِ حولَ موضوعِ أَهَمِّيَّةِ التقْوَى..

فكلمةُ الآن مع فضيلةِ الشيخ... فليتفضل مشكورا

جزى الله فضيلةَ الأستاذِ أحسنَ الجزاءِ على ما أفادنا من كلماتٍ نافعةٍ وإرشاداتٍ عاليةٍ وتوجيهاتٍ قيّمةٍ، عَسى اللهُ أن ينفعنا بها، ونسأل اللهَ أن يَجْعَلَنا مِمَّنْ يَستمِعون القولَ فيتَّبعون أحسنَه.

أيها الحفلُ الكريمُ! الآن قد وصلنا إلى نهاية المطاف، فنَختَتِمُ حفلتَنا اليومَ بتقديم الشكر والتقدير والعِرْفانِ الجميلِ لكم أيها الجمع المبارك، ويَطيبُ لي أن أقولَ في هذا الختامِ اَللّهمّ إنا نسألك التوفيقَ والسَدادَ والهُدى والرَشادَ، وإلى لقاءٍ قريبٍ بإذن الله، ودُمْتُم أيها الأَحِبَّةُ في رِعايَةِ اللهِ وحِفْظِه. والسلام عليكم ورحمة الله وبركاته.



الحمد لله الذي بنعمته تَتِمُّ الصالحاتُ، وبتوفيقه تتحقّق المكْرُوماتُ، وبفَضْلِه تتنزَّل الخَيْرَاتُ والبرَكات، والصلاة والسلام على خير القُدْوَاتِ، نبيِّنا محمدٍ خَتَمَ اللهُ به النبُوَّاتِ و على آله وأصحابه الهُدَاةِ، أما بعد:

أصحابَ الفضيلةِ والعلماءِ، أيها الإخوةُ في الله، ضيوفَنا الأكارمَ/ أصحابَ المعالي والسَّعادَةِ، أصحابَ الفضيلةِ، أيها الحضورُ: أُحيِّيكم تحيَّةً طيِّبةً مباركةً، تحيَّةً من القَلْب، يَطيبُ شَذَاها مِسْكاً ورَيْحاناً، وتَحمِلُ في طَيَّاتِها حُبًّا ووَفاءً، تحيةَ أهلِ الجنَّة يومَ يَلْقَونَه سلامٌ، فالسلام عليكم ورحمة الله تعالى وبركاته.

أيها الحفلُ الكريمُ: طِبتُم وطابَ مساؤكُم بكل المحبَّة والتقديرِ، وأهْلاً ومَرْحبًا ضُيُوفًا كِرامًا، وحَيّاكُم اللهُ في هذهِ الليلةِ المباركةِ التي امتلأتْ فيها قلوبُنا بالبِشْر والسَعادة، بمقدمِكم الميمونِ، وتشريفِكم حفلَنا البهيجَ، لنَحتَفِل فيها بختام برْنامَج توعية الزُوّار، البرنامج العالَميّ الذي يَحمِل النورَ والهِدايةَ من مُنطلَقها الأوّلِ في المدينة المنورة، البرنامَج الذي له أهدافٌ ساميةٌ وغاياتٌ نبيلةٌ، البرنامج الذي يُقدِّم خَدَماتِها من خلال بَرامجِها الثلاثةِ وهي: برنامجُ التوعية، برنامجُ زيارة المعالم، وبرنامجُ الوُجَهاء، البرنامج الذي يُنظِّمُه وينفِّذه المكتبُ التعاونيُّ للدعوة والإرشاد وتوعية الجاليَات بالمدينة المنورة.

أيها الحفلُ الكريمُ:أجملُ ما يطرُق الآذانَ ويُعطِّر المكانَ، هو سَماعُ آيٍ من القرآن، يُرتِّلُها على مَسامِعنا، ويُشنِّف بها آذانَنا الطالبُ: مجيبُ الرحمن، طالبٌ في دورة تعليم اللغة العربية بمركز اللغة العربية بنغلاديش، فليتفضل مشكورا ومأجورا.
جزى الله فضيلةَ الأخِ أحسنَ الجزاء وجعله اللهُ من أهل القرآن الذين هم أهلُ الله وخاصّتُه.

أيها الحفلُ البهيجُ: كلماتٌ تُنير الطريقَ، وعباراتٌ تُشجِّعُ على التفوُّق والنَجاح، يُلقِيها أمامكم فضيلةُ الشيخِ... أترُكُكم مع كلمةِ الشيخ.
جزى الله فضيلةَ الشيخ على هذه الإرشادات الغالية، والكلمات الرائعة والنصائح العالية.

أيها الحفلُ الكريمُ: نترككم الآن مع كلمة الطلاب، مع فضيلة الأخ ....، طالب في مَرحَلة التكميل بالجامعة الإسلامية فتْية، يُلْقِيها نيابةً عن زملائه، فليتفضل مع الشكر الجزيل.
جزى الله فضيلةَ الأخ نيابتَه عن زملائه ووفّقه لما يُحِبّ ويَرضى.

أيها الحضور المبارك، أصحاب الفضيلة، ضيوفنا الأكارم: حينما يترنّم الشعرُ ويصدح، فتنتظِم أبياتُه غارسةً لمعالي القِيم، مُشيدةً بجميل المكارم والشيَم، حينها نُحلّق بنا إلى عالم السُموّ والنفَحات، مِن على منبر حسّان، حيث الأحرف الناطقةُ بروح النقاء، المسطرةُ بمعاني الوفاء، قصيدةٌ شعريةٌ مع الشاعر الأخ...، طالب بقسم اللغة العربية بالجامعة الرحمانية العربية. فمع الشعر والشاعر...

أيها الحضور المبارك: الصورةُ والكلمةُ، إذا اجتمعتا وصلت الرسالةُ واتضح المرادُ، هذا فيلمٌ وثائقيٌ يُقدِّم مسيرةَ البرنامج، ويحكي قصتَه... هيا بنا إلى الفيلم الوثائقي

أيها الجمع المبارك، ضيوفَنا الكرام: أهلا وسهلا ومرحبا بكم مرةً أخرى، هذا الرجلُ، أضاف لنا بهجةً وبمقدِمِه زادتنا السعادةُ، تزُفُّ له جزيلَ الشكر والثناء على إجابته دعوتَنا بصدرٍ رَحيبٍ وقلبٍ رضيئ، نعم، كلمةُ الآن لراعي هذا الحَفْل، صاحبِ الابتسامة المشرقة، ووجهٍ مضيئ، شخص يحبنا ونحبه ويحبه الجميع،

وجهٌ عليه من الحياء سماحةٌ   ومحبةٌ تَجري مع الأنفاسِ

وإذا أحَب الله يوما عبدَه   ألقى عليه محبةَ مَن في الناسِ


كلمة فضيلةِ الشيخ.............   فليتفضل مشكورا ومأجورا

أيها الحفل الكريم والجمع المبارك: حان وقتُ تكريمِ من كانت لهم سابقةُ العطاءِ والبَذلِ والجُهد، ومن كان لهم تميّزٌ في إنجاح هذا البرنامج، فنستأذن من أصحاب الفضيلة فضيلةِ الشيخ .....   وفضيلة الشيخ........   وفضيلة الشيخ ....

أن يصعدوا المنصة لِيُكرِّمُوا أصحابَ التكريم / أن يتفضلوا بتكريمهم

مع فضيلة الشيخ.........   لتقديم التكريم ونداء الأسماء فليتفضلوا بالصُعُود على المِنَصَّة مشكورا مأجورا.

أصحابَ الفضيلة والعلماء، ضيوفَنا الكرام، أيها الحفل البهيج: ها نحن قد وصلْنا إلى خِتام حفْلِنا ونهايةِ جَوْلتنا، ولا يَسَعُنا في هذا الخِتام إلا أن ندعوَاللهَ لنا ولكم التوفيق، ولعلَّنا نلتقي في مَنْشَطٍ آخرَ من مناشِطِ المكتب التعاوني، وإلى مَنشَطٍ قادِمٍ بإذن الله. والسلام عليكم ورحمة الله تعالى وبركاته.



الحمد لله رب العالمين، الذي شرّف اللغةَ العربية بنزول القرآن الكريم، والصلاة والسلام على أشرفِ الأنبياء والمرسلين، الناطقِ بلسانٍ عربيٍ مُبينٍ، وعلى آله وأصحابه أجمعين. أما بعد!

فيا أصحابَ الفضيلة والعلماء، رئيسَ هذه الحفلةِ القيمة، أيها الإخوةُ في الله! يَطيب لي أولا أن أُهْدي إليكم أطيَبَ التحيّات، وأصدقَ التمنّيات، وأحيّيكم تحيةَ الإسلام الخالدة، تحيةَ أهل الجنة، فالسلام عليكم ورحمة الله وبركاته، وأرحّب بكم ترحيبا حارًّا، وأهنّئكم تهنئةً عظيمة، وتهنئةً عَطِرةً من صميم قلبي وعميق فؤادي على حضوركم الميمونِ وعند الله لكم أجرٌ غيرُ ممنونٍ.

أيها الحفل الكريم: إنّه قد يسُرُّني أن أقدّم إليكم خطبةً وجيزةً حولَ موضوعٍ مُهِمٍّ، ألا وهو أَهمِّيَّةُ اللغة العربية. أسأل اللهَ تعالى التوفيقَ لإلقاء الخطبة حول هذا الموضوع.

أيها الجمع المبارك:إن اللغة العربية لها منزلةٌ رفيعة ومكانةٌ سامية في نفوس المسلمين، فهي أشرفُ اللغات وأعلاها، وأكملُها وأبقاها، وكَفَى بها مَجْدًا وشَرَفًا بأن اللهَ سبحانه وتعالى اختارها لأشرف كتبه وآخِرِ رسله، فبها نزّل اللهُ القرآنَ الكريم، وبها تحدَّث خاتمُ النبيين.

وهي مفتاحُ علومِ القرآن والسنة، وبدون إتقانها والتعمقِ فيها والاطلاعِ عليها لا يُمْكِنُ فهمُ القرآن والسنة جيدا.

وإن اللغة العربية لها مكانةٌ عالية في الإسلام، فهي جزءٌ من ديننا وحضارتنا، بل لا يمكنُ أن يقومَ الإسلامُ إلا بها، ولا يصِحُّ أن يقرأَ المسلمُ القرآنَ إلا بالعربية، وقراءةُ القرآن ركنٌ من أركانِ الصلاة، التي هي ركن من أركانِ الإسلام.

أيها المستمعون الكرام: ولهذه الأسباب عُنِيَ السَلَفُ باللغة العربية وعلومِها، وحَثُّوا على تعلّمها، والنهلِ من مَعِينِها، ولهم أقوالٌ كثيرةٌ في ذكر أهمية تعلم اللغة العربية، ولا يمكن لي في هذه العُجالة أن أستعرِض هذه الأقوالَ كلها، وإنما أقتصر على ذكر بعض الأقوال التي تحُثُّنا للاهتمام والعنايةِ باللغة العربية لغةِ الكتاب والسنة. يقول عمرُ ابنُ الخطابِ رضي الله عنه: «تعلّموا العربيةَ فإنها من دينكم.» ويقول الإمامُ ابنُ كثيرٍ رحمه الله : «ينبغي لطالب الحديث أن يكون عارفا بالعربية.» وقال ثعلبٌ في أماليه : «الفقيهُ يحتاج إلى اللغة العربية حاجةً شديدةً.»

انطلاقا من هذه الأقوالِ أيها الإخوةُ في الله! يجب علينا أن نهتمّ بتعلم اللغة العربية، وأن نجتهد في إتقانها، وكذلك علينا أن نَعزِم بكل ثقة أننا ننْشُر هذه اللغةَ العظيمةَ، ونشجّع العامةَ والخاصةَ على تعلمها، حتى نكون مُتَّبعين لأسلافنا ومحبّين للغة الكتاب والسنة.

ففي الختام أشكر مَنْ ساهَم في إقامة هذه الحفلةِ المباركةِ وكذلك أشكر كلَّ مَنْ شارك في نجاح هذه الحفلة وحَضَرَ لاستماع المحاضرة.

اليوم أكتفي بهذا القَدْر، وإلى لقاءٍ قريبٍ بإذن الله، وأترككم في رعاية الله وحفظه. والسلام عليكم ورحمة الله وبركاته.

الترجمة النموذجية لبعض العبارات

কিছু বাক্যের নমুনা অনুবাদ

বাংলা	العربية
আমার ভালো লাগছে যে, আপনাদের জানাচ্ছি...	يطيب لي أن أهدي إليكم
উত্তম সম্ভাষণ, একনিষ্ঠ শুভ কামনা	أطيب التحيات وأصدق التمنيات
অন্তরের অন্তস্থল থেকে, হৃদয়ের গভীর থেকে	صميم قلبي وعميق فؤادي
আপনাদের বরকতময় উপস্থিতি	حضوركم الميمون
আমার আনন্দ লাগছে/আমি আনন্দিত	قد يسرني
সুউচ্চ মর্যাদা	مكانة سامية
মর্যাদা ও গৌরবের জন্য যথেষ্ঠ	وكفى بها مجدا وشرفا
আরবি ভাষায় সুনিপুণ দক্ষতা, গভীরতা ও ব্যাপক জানা-শোনা ছাড়া	وبدون إتقانها والتعمق فيها والاطلاع عليها
পূর্বসূরীগণ গুরুত্ব দিয়েছেন	عني السلف
তা শিখতে উৎসাহিত করেছেন	وحثوا على تعلمها
তার ঝর্ণাধারা থেকে পান করা	والنهل من معينها
আমার পক্ষে এই ত্বরিত সময়ে উপস্থাপন করা সম্ভব নয়	لا يمكن لي في هذه العجالة أن أستعرض
সীমাবদ্ধ থাকছি	أقتصر على
এসব বক্তব্যের প্রেক্ষিতে	انطلاقا من هذه الأقوال
পূর্ণ আস্থার সঙ্গে	بكل ثقة
সাধারণ বিশেষ সকলকে উৎসাহ দেব	ونشجع العامة والخاصة
যারা এই অনুষ্ঠান আয়োজনে ভূমিকা রেখেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি	أشكر من ساهم في إقامة هذه الحفلة
এখানেই ক্ষান্ত করছি	أكتفي بهذا القدر

الخطبة النموذجية : (٢)

الصيام فضله وآدابه

إن الحمد لله، نحمدُك ربي ونستعينُك ونستغفرُك ونتوبُ إليك، ونُثني عليك الخير كلَّه. وأشهد أن لا إله إلا الله وحده لا شريك له منَّ علينا بمواسِم الخيرات، وشهر الطاعات والبركات، وأشهد أن نبيَّنا وسيِّدنا محمدًا عبدُ الله ورسولُه خيرُ من صلَّى وصام، وأتقَى من تهجَّد لله وقام، صلَّى الله عليه وعلى آله البرَرة الكرام، وصحبِه الأئمة الأعلام، والتابعين ومن تبِعهم بإحسانٍ ما تعاقبَ النورُ والظلام، وسلَّم تسليمًا كثيرًا.

فيا فضيلة الأستاذ، رئيس هذه الحفلة القيمة، أيها الإخوة في الله! إنني أحييكم بتحية الإسلام الخالدة، تحية أهل الجنة، السلام عليكم ورحمة الله وبركاته. وأرحِّب بكم ترحيبا حارًّا من صميم فؤادي وعميق قلبي، وأهنِّئكم تهنئةً مباركةً.

إنني أشكر اللهَ تعالى على توفيقي إياي لإلقاء الكلمة في هذا الصَرْحِ العِلْمِيّ المباركِ ثم أشكركم على حضوركم الميمونِ وقدومكم المباركِ في هذه الحفلة التدريبية بمركز اللغة العربية. أيها الإخوة في الله والمستمعون الكرام، إنني أريدُ أن ألقِي أمامكم كلمةً أو محاضرةً حول موضوعٍ (الصيام: فضله وآدابه).

إخوةَ الإيمان: الصوم ركن عظيم من أركان الإسلام الخمسة، فهو واجب على كل مسلمٍ بالغٍ عاقلٍ. يقول الله تبارك وتعالى: يا أيها الذين آمنوا كُتِبَ عليكم الصيامُ كما كتب على الذين من قبلكم لعلكم تتقون. والصيام هو التعبد لله سبحانه وتعالى بترك المفْطِرات من طلوع الفجر إلى غروب الشمس.

وثوابُ الصيام ليست الحسَنةُ فيه بعشرِ أمثالِها، وإنما أجرُه بغيرِ حسابٍ، قال - عليه الصلاة والسلام -: «قال الله: كلُّ عملِ ابن آدمَ له إلا الصيام؛ فإنه لي وأنا أجزِي به»؛ متفق عليه.

أيها الإخوةُ في الله: إن اللهَ رفع قدرَ شهر الصوم؛ فأبوابُ الجنة تُفتَح فيه وتُغلَّقُ فيه أبوابُ النار، وتُصفَّدُ فيه الشياطين ليمتنعوا من أذى المؤمنين وإغوائهم، قال - عليه الصلاة والسلام -: «إذا جاء رمضان فُتِّحت أبوابُ الجنة، وغُلِّقت أبوابُ النار، وصُفِّدت الشياطين»؛ رواه مسلم.

أيها الحفل الكريم: شهرُ رمضانَ شهرُ القرآن، يقول الله تبارك وتعالى: ﴿شهر رمضان الذي أنزل فيه القرآن...﴾ فينبغي للمسلم أن يتلو القرآنَ كثيرا ويُدارِسَه. وكان جبريلُ يُدارِس القرآن مع الرسول صلى الله عليه وسلم في هذا الشهر. وكذلك هذا الشهر شهرُ الغفران، يقول النبي صلى الله عليه وسلم: (من صام رمضانَ إيمانا واحتسابا غُفِرَ له ما تقدّم من ذنبه.) فمن فاتَه الغُفرانُ في رمضان فهو المحروم، قال - عليه الصلاة والسلام -: «رغِمَ أنفُ رجلٍ دخلَ عليه رمضانُ ثم انسلَخَ قبل أن يُغفَر له»؛ رواه الترمذي.

أيها الحفل الكريم: يجب على الصائم أن يتجنب أيَّ قولٍ مُحرَّمٍ أو فعلٍ مُحرَّمٍ؛ لأن النبي صلى الله عليه وسلم قال: (من لم يَدَعْ قولَ الزُور والعملَ به فليس لله حاجةٌ في أن يَدعَ طعامَه وشرابَه). رواه أبو داود

أيها الأَحِبَّةُ في الله: إنني وصلت إلى نهاية الكلام، فاليومَ أكتفي بهذا القدْر، وأترككم في رعاية الله وحفظه، وإلى اللقاء القادم بإذن الله إن قُدِّر البقاءُ واللقاءُ.والسلام عليكم ورحمة الله وبركاته.

الترجمة النموذجية لبعض العبارات

কিছু বাক্যের নমুনা অনুবাদ

কল্যাণের মৌসুম দান করে আমাদের ওপর অনুগ্রহ করেছেন	من علينا بمواسم الخيرات
ইবাদতের মাস/আনুগত্যের মাস	شهر الطاعات
আল্লাহর জন্য তাহাজ্জুদ ও নামায আদায়কারীদের মধ্যে সবচেয়ে খোদাভীরু	وأتقى من تهجد لله وقام
যতদিন আলো-আঁধারের আবর্তন চলবে	ما تعاقب النور والظلام
এই বরকতপূর্ণ ইলমি মহলে	في هذا الصرح العلمي المبارك
রোজা ভঙ্গকারী জিনিস পরিত্যাগ করার মাধ্যমে	بترك المفطرات
শয়তানকে শৃঙ্খলাবদ্ধ করা হয়	وتصفد فيه الشياطين
পাঠে মনোনিবেশ করতেন	ويدارسه
পূর্ণ ঈমান ও সওয়াবের প্রত্যাশা নিয়ে	إيمانا واحتسابا
ঐ ব্যক্তির নাক ধূলিমলিন হোক	رغم أنف رجل
বিদায় নিয়েছে/শেষ হয়েছে	انسلخ
মিথ্যা কথা পরিত্যাগ করেনি	لم يدع قول الزور
যদি জীবন সঙ্গ দেয় আর সাক্ষাত ভাগ্যে থাকে	إن قدر البقاء واللقاء





الخطبة النموذجية : (٣)

أهمية الوقت

الحمد لله رب العالمين، خلق كل شيء فقدره تقديراً؛ وهو الذي جعل الليل والنهار خِلْفَةً لمن أراد أن يذّكّر أو أراد شكوراً؛ أحمده تعالى وأشكره، وأشهد أن لا إله إلا الله وحده لا شريك له، وسِع كلَّ شيء رحمةً وعلماً وتدبيراً، وأشهد أن محمداً عبده ورسوله، أرسله هادياً ومبشراً ونذيراً؛ وداعياً إلى الله بإذنه وسراجاً منيراً؛ صلى الله عليه وعلى آله وصحبه وسلم تسليماً كثيراً. أما بعد!

فيا فضيلةَ الأستاذ، رئيسَ هذه الحفلة القيمة، أيها الإخوة في الله! إنني أحييكم بتحية الإسلام الخالدة تحيّةِ أهل الجنة، السلام عليكم ورحمة الله وبركاته. وأرحّب بكم ترحيبا حارًّا من صميم فؤادي وعميق قلبي، وأهنِّئكم تهنئةً مباركةً.

إنني أشكر اللهَ تعالى على توفيقه إياي لإلقاء الكلمة في هذا الصرح العلمي المبارك ثم أشكركم على حضوركم الميمونِ وقدومكم المباركِ في هذه الحفلة التدريبية بمركز اللغة العربية/ بهذه المدرسة العريقةِ / بهذه الجامعة الشهيرة.

أيها الإخوة في الله والمستمعون الكرام، إنني أريد أن ألقِي أمامكم كلمةً أو محاضرةً حول موضوعِ (أهمية الوقت).

أيها المستمعون الأفاضلُ: إن الوقتَ أهم ما يُعتَبَرُ في حياة الإنسان، حتى إنه أثمنُ وأغلى من المال، فالمال يُمكن جمعُه وتحصيلُه والاقتصادُ في إنفاقه، أمّا الوقت والزمن، فكل دقيقة، وكل لحظة إن ذهبتْ فلن تعودَ أبداً. ولو أنفق الإنسانُ أموالَ الدنيا فلن يستطيعَ أن يسترجعَ

دقيقةً واحدةً من عمره، فالوقت هو الحياة، فالذي يَغتنِم وقتَه في الأعمال الصالحة والأفعال النافعة أفلحَ وسَعِدَ في الدنيا والآخرة، ومن أضاع وقتَه وعُمرَه، وترك العملَ الصالحَ، فقد خاب وخسِر.

أيها الإخوة الأفاضل! ولأهمِّيَّةِ الوقتِ وعِظَمِه فقد أقسم الله سبحانه وتعالى به في مواضعَ عدةٍ في القرآن الكريم، حيث قال سبحانه وتعالى: ﴿والعصر إن الإنسان لفي خسر،﴾ وقال تعالى: ﴿والضحى والليل إذا سجى،﴾ وقال تعالى: ﴿والفجر وليال عشر،﴾ والنبي صلى الله عليه وسلم أيضاً نبَّه الأمةَ عن أهمية الوقت في كثير من أحاديثه، حيث يقول النبي صلى الله عليه وسلم في الحديث الذي جاء عن ابن عباس رضي الله عنهما أنّ رسول الله صلى الله عليه وسلم قال: (نعمتان مغبونٌ فيهما كثيرٌ من الناس، الصحةُ والفَراغُ)، وقال رسول الله صلى الله عليه وسلم لرجل يعظه: (اغتنِمْ خمسًا قبل خمسٍ: شبابَك قبل هَرَمِك، وصِحَّتَك قبل سَقَمِك، وغناك قبل فقرِك، وفراغَك قبل شُغلِك، وحياتَك قبل موتِك).

أيها الإخوة في الله! ونَظَرًا لأهمية الوقت فقد اعتنى به أسلافُنا وأئمتُنا، وشجَّعوا أبنائَهم وطلابَهم على الاهتمام والاعتناء به وعلى استخدامٍ جيدٍ للوقت، ولهم أقوال كثيرة ومؤلفاتٌ عديدةٌ في هذا الباب.

أيها الأحبة في الله! الوقت الذي ينقضي من حياة الإنسان وعمرِه لا يعود ولا يستطيع الإنسانُ تعويضَه، ولذلك عليه الحِرْصُ على عدَم ضَياعِه، حتى لا يندَم على ذلك. ويُعدُّ تنظيمُ الوقتِ في حياة الإنسان سببا رئيسيًا لاستغلال الوقت واغتنامه، فبالتنظيم الجيد للوقت يمكن للإنسان أن يُنجِز أعمالَه في أسرعِ وقتٍ وأقلِّ مجهودٍ. ويكون التنظيمُ وإدارةُ الوقت بكتابة الأعمال المهمَّة ثم بتحديد الأَوْلَوِيّاتِ وتوزيعِها على ساعات اليوم، وتحديدِ أوقاتِ العمل، وأوقاتِ الراحة.

أيها المستمعون الكرام! ولذلك كلِّه ينبغي لنا أن نهتمَّ بأوقاتنا اهتماما بالغا، وألا نُضيعَ أوقاتَنا بما لا فائدةَ تُرجَى منه. أسأل الله تعالى أن يوفِّقنا للاهتمام بالوقت وأن يُبارِك في أوقاتنا وأعمالنا، إنه سميع مجيب.

أخيرا أَختِم كلامِي بقولِ يحيى بن هبيرة أستاذِ الإمام ابن الجوزي -رحمه الله-، يقول رحمه الله: الوقتُ أنفَسُ ما عُنِيتَ بحفظِه + وأراه أسهَلَ ما عليكَ يَضيعُ.


أيها المستمعون الكرام! إلى هنا أكتفي هذا اليومَ، وسألتقي معكم في وقتٍ آخرَ بإذن الله، والسلام عليكم ورحمة الله تعالى وبركاته.

الترجمة النموذجية لبعض العبارات
কিছু বাক্যের নমুনা অনুবাদ

মানবজীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়	أهم ما يعتبر في حياة الإنسان
সময় খরচে মিতব্যয়িতা	الاقتصاد في إنفاقه
একটি মিনিটও ফিরিয়ে আনা	أن يسترجع دقيقة واحدة
সময়কে কাজে লাগায়	يغتنم وقته
সময় নষ্ট করে	أضاع وقته
ব্যর্থ ও ক্ষতিগ্রস্থ হয়েছে	خاب وخسر
কয়েক জায়গায়	في مواضع عدة
জাতিকে সতর্ক করেছেন	نبه الأمة
এক ব্যক্তিকে উপদেশ দিতে গিয়ে বললেন	قال لرجل يعظه

সময়ের গুরুত্ব বিবেচনায়	ونظرا لأهمية الوقت
এ ব্যাপারে আমাদের পূর্বসূরীগণ যত্নবান ছিলেন	اعتنى به أسلافنا
সময়ের উত্তম ব্যবহার	استخدام جيد للوقت
তার জীবন থেকে নিঃশেষ হয়ে যায়	ينقضي من حياته
মানুষ এর বিনিময় দিতে পারে না	لا يستطيع الإنسان تعويضه
তার কর্তব্য, সময় নষ্ট না হতে যত্নবান হওয়া	عليه الحرص على عدم ضياعه
সময়ের বিন্যাসকে প্রধান কারণ বিবেচনা করা হয়	يعد تنظيم الوقت سببا رئيسيا
সময়কে কাজে লাগানো, মূল্যায়ন করা	استغلال الوقت واغتنامه
কর্ম সম্পাদন করা	إنجاز الأعمال
দ্রুততম সময়ে ও স্বল্পতম প্রচেষ্টায়	في أسرع وقت وأقل مجهود
সময় পরিচালনা	إدارة الوقت
গুরুত্বপূর্ণ কাজ নির্ধারণ ও বিন্যাস	تحديد الأولويات وتوزيعها
আশানুরূপ কোন ফায়দা নেই	لا فائدة ترجى منه
তোমার যা সংরক্ষণ করা দরকার, সময় তার মধ্যে সবচে দামি, অথচ তোমার হাতে তা সহজেই নষ্ট হতে দেখি	الوقت أنفس ما عنيت بحفظه وأراه أسهل ما عليك يضيع

تَدرَّب على الإلقاءِ جيداً،
وكنْ خَطيبَ زَمانِك.



কয়েকটি কথা :

জুমার আরবি খুতবা বিশুদ্ধভাবে প্রদান করা অত্যন্ত জরুরী বিষয়। অনেক সময় কোনো কোনো মসজিদে অশুদ্ধ খুতবা দিতে শোনা যায়। বাংলা আলোচনা যেভাবে প্রস্তুতি নিয়ে করা হয়, তেমনি আরবি খুতবাও সংক্ষিপ্তভাবে প্রস্তুত করে দেওয়াই উত্তম। প্রথম আর শেষ ঠিক রেখে এক দুটি আয়াত ও হাদিস বললেও আমাদের দেশে উপযোগী আরবি খুতবা হয়ে যাবে। কিন্তু ততটুকুও যদি অশুদ্ধ হয় তাহলে তা সত্যিই দুঃখজনক। তাই আরবি খুতবাটি বিশুদ্ধ করে দিতে হবে। সুন্দর ও আকর্ষণীয় করে দিতে হবে। এক্ষেত্রে সহজ করণার্থে আমরা এখানে খুতবা প্রস্তুতি বিষয়ে কয়েকটি দিকনির্দেশনা এবং জুমার আউয়াল ও ছানী খুতবার কয়েকটি নমুনা দিয়ে দিচ্ছি। আল্লাহ তায়ালা আমাদের নিয়তসহ সকল আমলগুলোকে সহিহ শুদ্ধভাবে আদায় করার তাওফীক দান করুন। আমীন।

জুমার খুতবা প্রস্তুত করতে করণীয় :

১. যেই জুমার জন্য খুতবা প্রস্তুত করবেন, সেই জুমা কোন মাসে তা লক্ষ্য করুন। সেই মাসের বিষয়ে কোনো সহিহ ফজিলত থাকলে তা নোট করুন। দেশে প্রচলিত কোনো বেদাত থাকলে তাও নোট করুন।

২. সেই বিষয়ে আরবদের কোনো খুতবার কিতাব থেকে সহযোগিতা নিন।

৩. বাংলায় বা উর্দুতে লিখিত কিতাব থেকেও সহযোগিতা নিতে পারেন।

৪. অবশ্যই কুরআন সুন্নাহ ভিত্তিক আলোচনা প্রস্তুত করতে চেষ্টা করবেন। সেজন্য হারামাইনের খুতবাগুলো থেকে আপনি সহজে উপকৃত হতে পারেন।

৫. সুযোগ হলে আরবি দু একটি কবিতাও নোট করতে পারেন।

৬. অপ্রয়োজনীয় কথা ও গল্প এড়িয়ে চলুন।

৭. সমসাময়িক বিষয়ে কথা বলতে চাইলেও ভালোভাবে প্রস্তুতি নিন। জেনে শুনে কথা বলুন। ধারণা করে কোনো তথ্য বা বিষয় উপস্থাপন করা থেকে বিরত থাকুন।

৮. আরবি খুতবা সংক্ষিপ্তভাবে একটি আয়াত ও একটি হাদিস দিয়ে প্রস্তুত করুন।

৯. যথাসময়ে যেন কথা শেষ করা যায় সেজন্য হাতে ছোট নোটবুক প্রস্তুত রাখুন।

১০. সুযোগ হলে প্রথমদিকের প্রস্তুতকৃত খুতবাগুলো অভিজ্ঞ কাউকে দেখিয়ে ঠিক করে নিন।

খুতবা প্রদানের সময় কিছু লক্ষণীয় বিষয় :

১. আরবি উচ্চারণ ও সার্বিক বিশুদ্ধতার দিক লক্ষ রেখে খুতবা প্রদান করুন।

২. যেহেতু এটি খুতবা, তাই খুতবা খুতবার মতো করে প্রদান করুন।

৩. খুতবা তেলাওয়াত করা ও সুর দিয়ে পড়া থেকে বিরত থাকুন।


৪. উপস্থাপনার গুরুত্বপূর্ণ বিষয়গুলোর দিকে খেয়াল রাখুন। শুধু খুতবার কিতাবের দিকে তাকিয়ে না থেকে মাঝে মাঝে মুসল্লিদের দিকেও দৃষ্টি দিন।

৫. বিশেষত আয়াত বা হাদিস পাঠের সময় মুসল্লিদের দিকে দৃষ্টি দিন।

৬. আরবি খুতবা অনেক বেশি বড় করা থেকে বিরত থাকুন।

৭. দ্বিতীয় খুতবা সম্পূর্ণ শেষ করে নিচে নামুন। শেষের দিকে এসে পড়তে পড়তে নামা অসুন্দর।

৮. দ্বিতীয় খুতবার শেষটাকে মাঝে মাঝে পরিবর্তন করুন।



إن الحمد لله نحمده ونستعينه ونستغفره، ونعوذ بالله من شرور أنفسنا وسيئات أعمالنا، من يَهدِهِ الله فلا مُضلَّ له ومن يُضلِلْ فلا هادي له، وأشهد أن لا إله الله وحده لا شريك له، وأشهد أن محمدا عبدُه ورسولُه. ﴿يا أيها الذينَ آمنوا اتَّقُوا اللهَ حقَّ تُقاتِه ولا تَمُوتُنَّ إلا وأنتم مسلمون﴾.(آل عمران: ١٠٢).﴿يا أيها الناس اتقوا ربَّكم الذي خلقكم من نفسٍ واحدةٍ وخلق منها زوجَها وبثَّ منهما رجالا كثيرا ونساءً واتقوا اللهَ الذي تَساءَلون به والأرحامَ إن الله كان عليكم رقيبا﴾.(النساء: ١).﴿يا أيها الذين آمنوا اتقوا اللهَ وقولوا قولًا سديدًا * يُصلِحْ لكم أعمالَكم ويَغفِر لكم ذنوبَكم ومن يُطِعِ اللهَ ورسولَه فقد فاز فوزا عظيماً﴾. (الأحزاب: ٧٠ و٧١).

أما بعد: فإن أصدقَ الحديث كتابُ الله، وأحسنَ الهدي هديُ محمدٍ صلى الله عليه وسلم، وشرَّ الأمورِ مُحدَثاتُها، وكلَّ مُحدَثةٍ بِدعةٌ، وكل بدعة ضلالة، وكل ضلالة في النار.

عباد الله! إن الله سبحانه وتعالى خلقنا وخلق الجنَّ لحكمةٍ بالغةٍ وحكمةٍ عظيمةٍ، ألا وهي العبادة لله وَحْدَه، (وما خلقت الجنَّ والإنسَ إلا لِيعبدون)، ومن الأصولِ المتَّفَقِ عليها أن العبادة لا تُقبَل إلا بشرْطين، الأولُ : الإخلاص لله سبحانه وتعالى، والثاني: المتابعة لرسول الله صلى الله عليه وسلم.

أيها المسلمون! يُقصَد بالإخلاص أن يكون العاملُ يقتضي بالعبادة والعمل وجهَ الله تبارك وتعالى، وهو أساسُ قبولِ الأعمال ولُبُّ العبادة ورُوحُها. ويُقصَد بالمتابعة أن يكون العملُ مطابِقا لسنّة رسول الله صلى الله عليه وسلم. وقد وردت نصوص كثيرة في الكتاب والسنة ببيان أهمية الإخلاص والمتابعة. قال الله تعالى: ﴿وَمَا أُمِروا إلا لِيَعْبُدُوا اللهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّين﴾. البينة: ٥]. وقال تعالى: ﴿وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا﴾. [الحشر: ٧].

فعلى كل مسلم ومسلمة أن يجعل شروطَ صحة العمل وقبولِه نُصْبَ عينيه حتى لا يُرَدَّ عليه العملُ يوم القيامة، حيث قال الله تعالى في الحديث القدسي الذي رواه مسلم عن أبي هريرة - رضي الله عنه - قال : قال رسول الله - صلى الله عليه وسلم - : قال الله تبارك وتعالى: (أنا أغنى الشُركاء عن الشِرك، مَن عمِل عملا أشْرك فيه معي غيري تركتُه وشِركَه). بارك الله لي ولكم في القرآن العظيم، ونفعني وإياكم بما فيه من الآيات والذكر الحكيم. أقول قولي هذا وأستغفر الله العظيم الجليلَ لي ولكم ولسائر المسلمين من كل ذنب فاستغفروه إنه هو الغفور الرحيم.

ومن الأصول المتفق عليها	সর্বসম্মত মূলনীতি
أساس قبول الأعمال ولب العبادة وروحها	আমল কবুল হওয়ার ভিত এবং ইবাদতের সার ও প্রাণ
وردت نصوص كثيرة	অনেক বর্ণনা এসেছে
أن يجعل نصب عينيه	তার চোখের সামনে রাখা

فضلُ القرآنِ الكريم

إن الحمدَ لله نحمدُه ونستعينه ونستغفره، ونعوذ بالله من شرور أنفسنا وسيئات أعمالنا، من يهده الله فلا مضل له ومن يضلل فلا هاديَ له، وأشهد أن لا إله الله وحده لا شريك له، وأشهد أن محمدا عبده ورسوله. ﴿يا أيها الذينَ آمنوا اتقوا الله حقَّ تقاته ولا تموتن إلا وأنتم مسلمون﴾.[آل عمران: ١٠٢].﴿يا أيها الناس اتقوا ربكم الذي خلقكم من نفس واحدة وخلق منها زوجها وبث منهما رجالاً كثيراً ونساء واتقوا الله الذي تساءلون به والأرحام إن الله كان عليكم رقيبا﴾.[النساء: ١].﴿يا أيها الذين آمنوا اتقوا الله وقولوا قولا سديدا * يصلح لكم أعمالكم ويغفر لكم ذنوبكم ومن يطع الله ورسوله فقد فاز فوزا عظيماً﴾. [الأحزاب: ٧٠ و٧١].

أما بعد: فإن أصدقَ الحديثِ كتابُ الله، وأحسنَ الهدي هديُ محمد صلى الله عليه وسلم، وشرَّ الأمور محدثاتها، وكلَّ محدثة بدعة، وكلَّ بدعة ضلالة، وكلَّ ضلالة في النار.

أيها الإخوة المؤمنون! إن الله تعالى قد أنزلَ إلينا كتابَه هدىً ونورا وبُشرى، ورحمةً وشفاءً، يقول الله تعالى: ﴿وننزِّل من القرآن ما هو شفاءٌ ورحمةٌ للمؤمنين﴾.[الإسراء: ٨٢]. وقال تعالى: ﴿يا أيها الناسُ قد جاءكم برهانٌ من ربّكم وأنزلْنا إليكم نورا مبينا﴾.[النساء: ١٧٤].

أيها المسلمون! إن القرآن الكريم، مَنْ قَالَ به صَدَقَ وَمَنْ عَمِلَ به أُجِرَ وَمَنْ حَكَمَ بِهِ عَدَلَ وَمَنْ دَعَا إِلَيْهِ هُدِيَ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ، إنه سفينة النجاة، واتباعُ منهجِه وسلوكُ طريقِه سببٌ للسعادة في الدنيا والآخرة. والله سبحانه وتعالى يَرفعُ بهذا الكتاب أقواما ويَضعَ به آخرين، وجعل من يتعلم القرآن ويعلِّمه خيرَ هذه الأمة.

فيا أيها الإخوة في الله! اقرأوا القرآنَ، وافهموا معانيه، وادعوا النّاسَ إلى هداياته حتى تكونوا من المسلمين الناجحين.

بارك الله لي ولكم في القرآن العظيم، ونفعني وإياكم بما فيه من الآيات والذكر الحكيم، أقول قولي هذا وأستغفر الله العظيم الجليل لي ولكم ولسائر المسلمين من كل ذنب فاستغفروه، إنه هو الغفور الرحيم.

الترجمة النموذجية لبعض العبارات

কিছু বাক্যের নমুনা অনুবাদ

যে এর মাধ্যমে কথা বলে সে সত্য বলে	من قال به صدق
যে এর ওপর আমল করে সে প্রতিদানপ্রাপ্ত হয়	ومن عمل به أجر
যে এর দ্বারা ফায়সালা করে সে ইনসাফ করে	ومن حكم به عدل
যে এর প্রতি আহ্বান করে সে সঠিক পথ প্রদর্শিত হয়	ومن دعا إليه هدي إلى صراط مستقيم
তার পথ অনুসরণ করা	واتباع منهجه
এই কিতাবের মাধ্যমে তিনি কোন জাতিকে মর্যাদা দেন, আবার কাউকে অপদস্থ করেন	يرفع بهذا الكتاب أقواما ويضع به آخرين



الخطبة الثانية

এখানে জুমার ছানি খুতবার দুটি নমুনা দেওয়া হয়েছে। আপনি ইচ্ছে করলে ভিন্ন নমুনাও হিফয করতে পারেন। দ্বিতীয় খুতবা প্রদানের ক্ষেত্রে সময় ও অবস্থার দিকে খুব খেয়াল রাখতে হবে। প্রয়োজনে কমবেশি করতে হবে। বিশেষত দুআ ইচ্ছে করলে আপনি কমাতেও পারেন, বাড়াতেও পারেন।

النموذج الأول

الحمدُ لله على إحسانِه، والشُّكرُ له على توفيقِه وامتنانِه، وأشهد أن لا إله إلا الله وحدَه لا شريك له تعظيمًا لشانِه، وأشهد أنَّ محمَّدًا عبدُه ورسولُه الداعي إلى رضوانه، صلَّى الله عليه وعلى آله وصحابته وسلَّم تسليمًا كثيرًا.

أمَّا بعدُ: فيا عبادَ الله: اتَّقوا اللهَ تعالى حَقّ التقوى، وراقِبُوه في السرّ والنَجْوَى، ثم اعلَمُوا أنَّ الله -سبحانه وتعالى- أمرَكُم بأمرٍ بدأ فيه بنفسه؛ وثنّى بملائكته المسبّحةِ بقُدْسِه، وثلّثَ بكم **أيها المؤمنون من جِنه وإنسِه**. أعوذ بالله من الشيطان الرجيم، ﴿إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا﴾ [الأحزاب: ٥٦].

اللهم صلِّ وسلِّم على عبدك ورسولك محمد، البشيرِ النذيرِ، والسراجِ المنيرِ، وارضَ اللهم عن الخلفاء الأربعة الراشدين المهديين: أبي بكرٍ، وعمر، وعثمان، وعلي، وعن بقيَّة الصحابة، وعن التابعين، وتابعي التابعين، ومَن تَبِعَهم بإحسانٍ إلى يوم الدين، وعنَّا معهم بعفوك وكرمك وإحسانك يا أرحم الراحمين.

اللهم أعِزَّ الإسلام والمسلمين، وأذِلَّ الشركَ والمشركين، ودمِّر أعداءَ الدين، وانصُر عبادك الموحِّدين. **اللهم** اخذُلِ الكفَرةَ واليهود والنصارى والملحدين.

اللهمَّ انصُر المجاهدين الذين يُقاتِلون لتكونَ كلمةُ الله هي العُليَا. **اللهم** انصُرهم في كل مكان. **اللهم** سدِّد سِهامَهم وآراءهم، وثبِّت أقدامَهم.

اللهم وحّد صفوفَ المسلمين، وانصُرْهم على أعدائك أعداءِ الدين. **اللهم** آمنَّا في أوطاننا، وأصلِح أئمتَنا ووُلاةَ أمورنا.

اللهم وفِّقهم لما فيه عزُّ دِينك ونصْرُ أمَّة الإسلام. **اللهم** اجعَلْهم هُداةً مُهتَدِين صالحين مُصلِحين. **اللهم** ثبِّتنا على قولك الثابتِ في الحياة الدنيا وفي الآخِرة. ﴿ رَبَّنَا لَا تُزِغْ قُلُوبَنَا بَعْدَ إِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِن لَّدُنكَ رَحْمَةً إِنَّكَ أَنتَ الْوَهَّابُ ﴾ [آل عمران: ٨].

عباد الله! إنَّ اللهَ يأمُر بالعدل والإحسان وإيتاء ذي القُربى، ويَنهى عن الفحشاء والمنكر والبغْي، يعظُكم لعلَّكم تذكَّرون، واذكُروا اللهَ العظيمَ الجليلَ يذكُركم، واشكُروه على نِعَمِه يزدْكم، ولَذِكرُ الله أكبر، والله يعلَمُ ما تصنَعون.

الترجمة النموذجية لبعض العبارات

কিছু বাক্যের নমুনা অনুবাদ

গোপনে ও একান্ত আলাপনে তাকে লক্ষ্য রেখো	وراقبوه في السر والنجوى
এবং দ্বিতীয় পর্যায়ে তাঁর পবিত্রতার গুণগাণকারী ফেরেশতাদের আলোচনা করেছেন	وثنى بملائكته المسبحة بقدسه
এবং তৃতীয় পর্যায়ে তোমাদের কথা বলেছেন	وثلث بكم
অবশিষ্ট সাহাবিগণ	بقية الصحابة
যেন আল্লাহর কালেমা উঁচু হতে পারে	لتكون كلمة الله هي العليا
তাদের নিশানা ও চিন্তাকে সঠিক করে দিন	سدد سهامهم وآراءهم
মুসলিমদের কাতারগুলো এক করে দিন	وحد صفوف المسلمين
হে আল্লাহ! নিজেদের মাতৃভূমিতে আমাদের নিরাপত্তা দিন	اللهم آمنا في أوطاننا
আমাদের নেতা ও কর্তৃত্ববানদের সংশোধন করে দিন	وأصلح أئمتنا وولاة أمورنا
এবং তাদেরকে পথপ্রদর্শক ও সঠিক পথের দিশারী বানিয়ে দিন	واجعلهم هداة مهتدين

النموذج الثاني

الحمد لله رب العالمين، والعاقبة للمتقين، ولا عدوانَ إلا على الظالمين، والصلاة والسلام على النبي الأمين، وعلى آله أصحابه أجمعين، ومن تبعهم بإحسان وإيمان إلى يوم الدين.

أما بعد، فيا أيها المسلمون! اتّصِفُوا بصِفات المتقين، وانهَجُوا نهجَ المؤمنين الصادقين، كما أمَرَكُم بذلك المولى في مُحكَمِ التنزيل: ﴿يا أيها الذين آمنوا اتقوا الله وكونوا مع الصادقين﴾.

ألا وصلوا عبادَ الله على خيرِ الصادقين، وإمامِ الحنفاء المخلصين، كما أمركم بذلك ربُّ العالمين بقوله: ﴿إن الله وملائكته يصلون على النبي يا أيها الذين آمنوا صلوا عليه وسلموا تسليمًا﴾.

اللهم صل وسلم على عبدك ورسولك محمد أزكى البريَّةِ أجمعين، وخليلِ ربِّ العالمين، وارضَ **اللهم** عن خُلفائه الراشدين، الأئمةِ المهديِّين الذين قَضَوا بالحق وبه كانوا يعملون، أبي بكر وعمر وعثمان وعلي وعن سائر الصحابة أجمعين، وعنَّا معهم بعفوك وكرمك يا أكرمَ الأكرمين. **اللهم** أعِزِّ الإسلام والمسلمين، وأذِلّ الشرك والمشركين، وانصُر عبادَك المؤمنين، واحمِ حوزةَ الدين يا رب العالمين.

اللهم آمِنّا في أوطاننا، واحفَظْ أئمتَنا ووُلاةَ أمورنا، ووفِّقْهم لهُداك، واجعل عملَهم في رِضاك يا رب العالمين. **اللهم** وفِّق جميعَ ولاةِ أمورِ المسلمين للعمل بكتابك، وسنّةِ نبيّك يا رب العالمين. **اللهم** ادفع عنا الغَلاء والوَباء والربا والزنا والزَلازِل والمِحَن وسُوء الفِتَن ما ظَهَر منها وما بَطَن، عن بلادنا وعن سائر بلاد المسلمين يا رب العالمين.

اللهم انصر إخوانَنا المجاهدين في كل مكان، **اللهم** انصرهم في فلسطين وفي الشيشان وكشمير وغيرها من سائر الأوطان، **اللهم** كن لهم معينًا وظهيرًا، وهيِّئ لهم من لَدُنْك وليًّا ونصيرًا. **اللهم** عليك بأعدائهم، فإنهم لا يُعجزونك، **اللهم** اقذِفِ الرُعْبَ في قلوبهم، وفرّق جَمْعَهم، وشتِّت شَمْلَهم، وأنزِلْ بهم بأسَك الذي لا يُرَدُّ عن القوم المجرمين يا قويُّ يا عزيزُ.

اللهم حبّب إلينا الإيمانَ وزيّنْه في قلوبنا وكَرِّه إلينا الكُفْرَ والفُسُوقَ والعِصْيانَ، واجعلْنا من الراشدين. ﴿ربنا اغفر لنا ولإخواننا الذين سَبقُونا بالإيمان ولا تجعَلْ في قلوبنا غِلاً للذين آمنوا ربَّنا إنك رؤوفٌ رحيمٌ﴾، ﴿ربنا ظلمنا أنفسنا وإن لم تغفر لنا وترحمنا لنكونن من الخاسرين﴾. (ربنا آتنا في الدنيا حسنة وفي الآخرة حسنة وقنا عذاب النار﴾.

عبادَ الله: رحمكم الله، ﴿إن الله يأمُر بالعَدْل والإحسانِ وإيتاءِ ذي القُربى وينْهى عن الفَحْشاء والمنْكَر والبَغْي يَعِظُكم لعلَّكم تذكرون﴾، ﴿فاذكروني أذكركم، واشكروا لي ولا تكفرون﴾.


الترجمة النموذجية لبعض العبارات
কিছু বাক্যের নমুনা অনুবাদ

শত্রুতা একমাত্র যালেমদের বিরুদ্ধেই	ولا عدوان إلا على الظالمين
আপনারা মুত্তাকিদের গুণে গুণান্বিত হোন	اتصفوا بصفات المتقين
এবং সত্যবাদী মুমিনদের পথ অনুসরণ করুন	وانهجوا نهج المؤمنين الصادقين
কুরআনুল কারিম	محكم التنزيل
জগৎশ্রেষ্ঠ পূত-পবিত্র	أزكى البرية
সঠিক পথপ্রাপ্ত ইমামগণ	الأئمة المهديين
যারা ন্যায়ভাবে ফায়সালা করেছে	الذين قضوا بالحق
আমাদের থেকে দূর করে দিন	ادفع عنا
চড়ামূল্য/অতি মূল্য	الغلاء
মহামারি/প্লেগ	والوباء
ভূমিকম্প	الزلازل

দুর্ভাগ্য, বিপদ	المحن
মন্দ পরীক্ষা	وسوء الفتن
প্রকাশ্য-অপ্রকাশ্য	ما ظهر منها وما بطن
তাদের জন্য আপনার পক্ষ থেকে অভিভাবক ও সহযোগী তৈরি করে দিন	وهيئ لهم من لدنك وليا ونصيرا
আপনি তাদের শত্রুদের প্রতিহত করুন	اللهم عليك بأعدائهم
হে আল্লাহ! তাদের অন্তরে ভয় ঢেলে দিন	اللهم اقذف الرعب في قلوبهم
তাদের সঙ্ঘ বিভক্ত করে দিন	وفرق جمعهم
তাদের ঐক্য ছিন্নভিন্ন করে দিন	وشتت شملهم
এবং তাদের ওপর আপনার অপ্রতিরোধ্য শাস্তি অবতীর্ণ করুন	وأنزل بهم بأسك الذي لا يرد
হে আল্লাহ! ঈমানকে আমাদের কাছে প্রিয় করে দিন এবং আমাদের হৃদয়ে তা সজ্জিত করে দিন	اللهم حبب إلينا الإيمان وزينه في قلوبنا
এবং কুফরি, মন্দাচার ও অবাধ্যতাকে আমাদের কাছে অপ্রিয় করে দিন	وكره إلينا الكفر والفسوق والعصيان
এবং আমাদের সুপথপ্রাপ্ত বানিয়ে দিন	واجعلنا من الراشدين







الأخطاء الشائعة في التقديم والخطابة

আরবি বক্তৃতা বা উপস্থাপনায় তালিবুল ইলমদের বিভিন্ন ধরনের ভুল হয়। এই ভুলগুলো আলোচনা না হওয়ায় অনেক সময় উচ্চস্তরের তালিবুল ইলমদের আলোচনা, বক্তৃতা ও উপস্থাপনায়ও তা পাওয়া যায়। এমনকি মসজিদের খুতবা, বিশ্ববিদ্যালয়ের আরবি ও ইসলামিক বিষয়গুলোর ক্লাসে কখনো কখনো তা উচ্চারিত হয়। অথচ এধরনের ভুলগুলো থেকে বেঁচে থাকা প্রয়োজন। এসব ভুলের কারণে অর্থ, মর্মসহ বিভিন্ন ধরণের সমস্যা তৈরি হয়। আন্তর্জাতিক পরিমণ্ডলে বিভিন্ন নাদওয়াহ ও সেমিনারে এমন বক্তব্যে দেশের অবস্থান ছোট হয়।

এখানে সংক্ষিপ্ত পরিসরে বক্তৃতা ও উপস্থাপনার ক্ষেত্রে সচরাচর যে ভুলগুলো হয়ে থাকে তার ভুল ও শুদ্ধ রূপটি প্রদান করা হলো। আশা করছি, তালিবুল ইলমগণ এ ভুলগুলো থেকে বেঁচে থেকে বিশুদ্ধ আরবি চর্চায় অগ্রসর হতে সক্ষম হবে ইনশাআল্লাহ।

الأخطاء الشائعة في النطق:

رت	الخطأ	الصواب
١	فَظيلةُ الشيخ	فَضِيْلَةُ الشيخ
٢	حُظُوركم الميْمُون	حُضُورُكُم الميمون
٣	خُتبْة وَجِيْزة	خُطبةٌ وَجيزة
٤	أهْمية كسيرة	أَهَمِّيَّةٌ كثيرة
٥	ففي الخطام	فَفِي الخِتام
٦	هَول هذا الموضوع	حَولَ هذا المَوْضُوع
٧	يتيب لي	يَطِيْبُ لي

٩	السَّقافَة	الثقافة
١٠	تكرير	تقرير
١١	لغةٌ آملية	لغةٌ عالمية
١٢	أحزركم	أُحَذِّرُكُمْ
١٣	الكراءة	القراءة
١٤	دكيكة	دقيقة
١٥	محارات	مهارات
١٦	زهر في هذا الزمان	ظَهَرَ في هذا الزمان
١٧	أزهزة	أجْهزَة
١٨	وصائل	وسَائل
١٩	الكلمات الأزنبية	الكلمات الأجنبية
٢٠	الأختاء اللغوية	الأَخْطاَءُ اللُّغوية

الأخطاء الشائعة في الضبط

رت	الخطأ	الصواب
١	أَهْمِيَةٌ/أهِمَّةٌ	أهَمِّيَةٌ

٢	أنا أحَبُ المُسْلِمين	أنا أُحِبُ المسْلِمِينَ
٣	مِن فُؤَادي	مِنْ فُؤَادِيْ
٤	ألتقي أمامكم	أَلْقِيْ أَمَامَكُم
٥	خَطْرُ الحرام	خَطَرُ الحَرام
٦	مَنْزِلَةٌ رافعة	مَنْزِلَةٌ رَفِيْعَةٌ
٧	وَبرْكَاتُه	وَبرَكَاتُه
٨	يشْنِف بها	يُشَنِّفُ بها
٩	عظْمته	عَظَمَتُه
١٠	حزْكة	حَرَكة
١١	أتقَنَها	أُتقِنُها
١٢	أكتفي بهذا القدَر	أَكْتَفِي بِهذا القَدْر
١٣	شَرْفٌ	شَرَفٌ
١٤	مُسَاعِدة	مُسَاعَدَة

١٥	بالنظْر إلى	بالنظَرِ إلى
١٦	ونُشَجَّعَ	ونُشَجِّعَ
١٧	رُسُول	رَسول
١٨	الدَّكتور	الدُّكتور
١٩	هَوية	هُوية
٢٠	برْكاته	برَكاته


الأخطاء الشائعة في القواعد

١	لغةُ العربيةِ	اللغةُ العربيةُ
٢	المركزُ اللغةِ العربيةِ	مَركزُ اللغةِ العربيةِ
٣	هذه الموضوعُ	هذا الموضوعُ
٤	أرَحِّبُكُم	أُرَحّبُ بِكُم
٥	الأُمَّةُ الإسلام	الأُمَّةُ الإسْلامِيةُ
٦	حَفْلُ الكَرِيم	الحَفْلُ الكَرِيم

٧	الكتُبُ الذِيْ	الكتبُ التِيْ
٨	اللغةُ المُهم	اللغةُ المهِمَّةُ
٩	فِي الأمُورِ كلهِ	فِي الأمُورِ كلها
١٠	مَنافِعٌ عَظِيْمَةٌ	منافعُ عظيمةٌ
١١	إلى أربعةَ أقْسَام	إلى أربعةِ أقْسام
١٢	حَولَ الموضوعِي	حَوْلَ مَوْضُوْعِي
١٣	النَّدوةُ اليوم	نَدْوَةُ اليَوم
١٤	وَسائِلُ التَّعْلِيمية	الوَسَائِلُ التَّعْلِيْمِيَّة
١٥	المهارَاتُ اللغة	المَهَاراتُ اللُّغَوِيَّة
١٦	إن الصلاة الفجر	إن صَلاةَ الفَجْر
١٧	اللغةُ القرآنِ	لغةُ القُرآنِ
١٨	أصدقُ التَّمْنية	أصدقُ التَّمَنِّيَّات
١٩	حثنا بالاهتمام	حَثَّنَا عَلى الاهْتِمَام
٢٠	مكان عظمى	مَكانةٌ عظمى



উপরে বর্ণিত শব্দ ও বাক্যগুলো ভালো করে দেখুন। বিশুদ্ধগুলো ভালো করে দেখে আওয়াজ করে পড়ুন। কোথায়, কিভাবে, কেন ভুল হয়েছে তা বুঝতে চেষ্টা করুন। অতঃপর বিশুদ্ধ শব্দটি নিজের কানকে শুনিয়ে অসংখ্যবার পড়ুন। বাক্যে ব্যবহার করে কয়েকবার চর্চা করুন। এভাবে শব্দ বা বাক্যগুলো হিফজ করলে আশা করি পরবর্তীতে অনেক ভুল থেকে বাঁচা যাবে। আরবি ইবারত পাঠ, উপস্থাপনা, বক্তৃতা আরও বিশুদ্ধ ও মানসম্মত হবে ইনশাআল্লাহ।



আলহামদুলিল্লাহ, আল্লাহ তাআলা আধুনিক আরবি ভাষা শিক্ষা বিষয়ে প্রাথমিক স্তরের জন্য নির্ধারিত কিতাবের কাজটি শেষ করার তাওফীক দান করেছেন। প্রাথমিকভাবে শেষ হলেও এর পরিমার্জন, পরিবর্ধন এবং সম্পাদনা চলমান থাকবে ইনশাআল্লাহ।

প্রিয় আরবি ভাষা শিক্ষার্থী! এখানে মূলত আরবি ভাষা শেখার প্রাথমিক দিকটি আলোচনা করা হয়েছে। আধুনিক আরবি বলা ও লেখার মৌলিক বিষয়গুলো তুলে ধরা হয়েছে। তবে এটাই সম্পূর্ণ আরবি নয়, বরং আরবি ভাষা শেখার পবিত্র অভিসারের সূচনা মাত্র। বিশেষত ব্যবহারিক ও যোগাযোগের আরবির প্রাথমিক পাঠ বলা চলে। এই কিতাবটি ভালোভাবে আত্মস্থ করতে পারলে আরবির যে ভয় ভেতরে কাজ করে, তা অনেকটাই কেটে যাবে ইনশাআল্লাহ।

প্রতিটি বিষয়ে আরও গভীরভাবে অধ্যয়নের জন্য নিজেকে প্রস্তুত করতে হবে। ধারাবাহিক অধ্যাবসায় আর পরিশ্রমের মাধ্যমে আরবি ভাষার দক্ষতাগুলো অর্জনের চেষ্টা করতে হবে। আল্লাহ তাআলা সবাইকে কবুল করুন। সবকিছু সহজ করে দিন। আমীন।

মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহর আরবি ভাষা বিষয়ক সকল খেদমত এবং পরিকল্পনা যেন সহজেই বাস্তবায়িত হয় সে জন্য সকলের নিকট দুআ প্রার্থনা করছি।

মহিউদ্দীন ফারুকী

মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ







মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি

আল্লাহ তাআলা আরবি ভাষাকে সম্মানিত করেছেন। এই ভাষায় সর্বশ্রেষ্ঠ কিতাব কুরআনে কারীম নাযিল করেছেন। রাসূলে আরাবি সা. কথা বলেছেন এই আরবি ভাষায়। তাই মুসলমানদের নিকট আরবি ভাষা পবিত্র ভাষার মর্যাদা লাভ করেছে। ইলমী দক্ষতা অর্জনে এবং দ্বীনি প্রয়োজন পূরণে এই ভাষার কোনো বিকল্প নেই। এছাড়া বর্তমান বিশ্বে আরবি ভাষা অন্যতম শ্রেষ্ঠ ভাষা। আধুনিক অনেক ক্ষেত্রেই এই ভাষার প্রাসঙ্গিকতা ফুটে উঠছে। এইসব দিক বিবেচনায় আরবি ভাষা ও সাহিত্য চর্চার বিষয়টি বিশেষ গুরুত্বের দাবি রাখে। এই গুরুত্ব উপলব্ধি করেই মদীনা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশের শীর্ষস্থানীয় উলামায়ে কেরামের পরামর্শে প্রতিষ্ঠিত হয় আরবি ভাষা ও সাহিত্য চর্চার স্বপ্নের প্রতিষ্ঠান 'মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ'।

মারকাযুল লুগাহ প্রথম দিন থেকেই তালিবুল ইলমদের দ্বীনি আদব এবং আরবি আদবের সমন্বিত শিক্ষা প্রদানের বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আসছে। বিভিন্ন তাদরীব বা প্রশিক্ষণে সবধরনের ছাত্রদের সুযোগ প্রদানের সাথে সাথে যোগ্য, মেধাবী ও মানোত্তীর্ণ ছাত্রদের নিয়ে আদব বিভাগ খোলার মাধ্যমে একটি মানসম্পন্ন ধারাও সৃষ্টি করতে সক্ষম হয়েছে। আরবি ভাষা ও তার মহান মনীষীদের নিয়ে ইলমী নাদওয়াহ ও সেমিনার, আরবি ভাষা প্রশিক্ষণ এবং জেলায় জেলায় আরবি ভাষার কর্মশালা আয়োজনের মাধ্যমে ব্যতিক্রমী অনেক কার্যক্রম ইতিমধ্যে সুসম্পন্ন হয়েছে। এসব কিছুর মাধ্যমে আরবিপ্রেমী শিক্ষার্থীদের নিকট আরবি ভাষা পৌঁছে দিতে এবং তাদেরকে সার্বিক সহযোগিতা করতে মারকাযুল লুগাহ বদ্ধপরিকর। মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ ভবিষ্যতে উলামায়ে কেরামের পরামর্শে আরবি ভাষার শিক্ষাব্যবস্থাকে অনন্য উচ্চতায় নিয়ে যেতে অঙ্গীকারাবদ্ধ। এক্ষেত্রে আমরা বিনীতভাবে সকলের নিকট বিশেষ দুআর মুহতাজ।

মারকাযুল লুগার বিভাগসমূহ

এক. মদিনা একাডেমি :

এই প্রতিষ্ঠানটি মূলত মারকাযের আশেপাশের শিশু, কিশোর, যুবক ও সাধারণ মুরুব্বীদের ঈমান, আক্বীদা, কুরআন, হাদিস ও বহুমুখী প্রাথমিক দ্বীন শিক্ষার লক্ষ্যে প্রতিষ্ঠিত একটি "ঈমানী পাঠশালা"। এখানে রয়েছে শিশুদের জন্য প্রাথমিক শিক্ষা। স্কুলগামী শিক্ষার্থীদের জন্য কুরআন ও দ্বীনি শিক্ষা। বাদ মাগরিব এলাকার যুবক ও সাধারণদের জন্য কুরআন ও জরুরী দ্বীন শিক্ষা কার্যক্রম। রয়েছে দূর দূরান্ত থেকে আসা যুবকদের জন্য সাপ্তাহিক ইলমী হালাকা ও ইসলামিক স্টাডিজ কোর্স। রয়েছে সবগুলো কার্যক্রমের অনলাইন ব্যবস্থাপনা।

দুই. শু'বাতু তালিমিল লুগাতিল আরাবিয়্যাহ :

দাওরায়ে হাদিস ও সমমানের পরীক্ষায় সর্বনিম্ন জায়্যিদ জিদ্দান প্রাপ্ত ছাত্রদের মধ্যে যারা মাধ্যমিক স্তরের থাকে তাদের জন্য এই বিভাগ। মেয়াদকাল : এক বছর।

তিন. আরবি ভাষায় উচ্চতর ডিপ্লোমা (আদব বিভাগ) :

দাওরায়ে হাদিস ও সমমানের পরীক্ষায় সর্বনিম্ন জায়্যিদ জিদ্দান প্রাপ্ত ছাত্রদের মধ্যে যারা উচ্চ স্তরের থাকে তাদের জন্য এই বিভাগ।

দুই বিভাগের মানহাজ ও বিষয় :

আরবির ভাষা-দক্ষতা সৃষ্টিসহ একজন তালিবুল ইলমকে সার্বিকভাবে সুদক্ষ করে গড়ে তোলা এবং আধুনিক আরবি পারদর্শী করাই এই দুটি বিভাগের লক্ষ্য। সেই বিবেচনায় মুকালামা, তাবীর, আদবের বিভিন্ন কিতাব, ইনশা, নাহু-সরফসহ প্রয়োজনীয় বিষয়সমূহ পড়াতে চেষ্টা করা হয়। উচ্চতর আরবি শেখার সাথে সাথে একজন তালিবুল ইলম এই বিভাগে সুদক্ষ আরবি শিক্ষকরূপেও গড়ে ওঠে।

মেয়াদকাল : দুই বিভাগেরই মেয়াদকাল এক বছর করে।

চার. আরবি ভাষা ও সাহিত্যে তাখাসসুস :

আদব বিভাগের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র, যার সাহিত্যরুচি তৈরী হয়েছে এবং শিক্ষকদেরও প্রত্যয়ন রয়েছে, এমন কয়েকজনকে এই বিভাগের জন্য মনোনীত করা হয়। মূলত আরবি ভাষা ও সাহিত্যে কিছু নিবেদিতপ্রাণ ও যোগ্য শিক্ষক, গবেষক তৈরী করা এই বিভাগের লক্ষ্য।

মেয়াদকাল : আদব পড়ার পর এক বছর।

পাঁচ. তাদরীবুল মুআল্লিমীন বিভাগ:

এই বিভাগটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় বিভাগ। আরবি ভাষা পাঠদানের জন্য শিক্ষক গড়ে তোলা, শিক্ষকতায় নিয়োজিতদের পেশাগত দক্ষতা বৃদ্ধি করা এবং ধারাবাহিকভাবে শিক্ষকতা বিষয়ক পরামর্শ সহযোগিতা প্রদান করা এই বিভাগের লক্ষ্য ও উদ্দেশ্য।

এই বিভাগের উদ্যোগে এযাবত অফলাইনে দুইটি কর্মশালা এবং অনলাইনে তেরটি শিক্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এছাড়া মারকাযের তত্ত্বাবধানে প্রায় চৌদ্দটি জেলায় দিনব্যাপী শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সর্বসাকুল্যে কয়েক হাজার শিক্ষক এই বিভাগের আয়োজন থেকে উপকৃত হয়েছেন আলহামদুলিল্লাহ।

ভবিষ্যতে বিভাগটি আরও পরিকল্পিত ও সুবিন্যস্তভাবে পরিচালিত হবে বলে আশা করছি। বিশেষত শিক্ষকদের প্রতি এক মাস বা দুই মাস অন্তর আবাসিকভাবে দশদিন অথবা বিভিন্ন মেয়াদে কোর্স আয়োজন করা হবে ইনশাআল্লাহ। যেখানে শুধুমাত্র পাঠদান পদ্ধতি নয়, বরং হাতের লেখা সুন্দর করা এবং ভাষা শেখানোর বিষয়েও সমন্বিত আয়োজন থাকবে।

ছয়. দারুল আরাবিয়্যাহ :

এটি মারকাযের প্রকাশনা বিভাগ। এর মাধ্যমে প্রয়োজনীয় কিতাব, শিক্ষার আসবাবপত্র প্রকাশ ও পরিবেশন করা হয়।

সাত. নাদিল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ :

দেশের বিভিন্ন মাদরাসা, প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের আরবি ভাষাপ্রেমী শিক্ষার্থীদের আরবি ভাষা শেখা, চর্চা করাসহ সংশ্লিষ্ট বিষয়ে সহযোগিতা দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে।
"নাদিল লুগাতিল আরাবিয়্যাহ" প্রতিষ্ঠা করা হয়। এটি মূলত মারকাযের আরবি ভাষার সাফীরদের মাধ্যমেই পরিচালিত হয়।

আট. দাওয়াহ ও সমাজকল্যাণ বিভাগ :

এ বিভাগের তত্ত্বাবধানে মারকাযের আশেপাশের মসজিদ ও এলাকায় দাওয়াতি কার্যক্রম পরিচালিত হয়। সপ্তাহে একদিন ছাত্ররা মসজিদে মুসল্লিদেরকে সূরা-কেরাত মাশক করান। জরুরী ইলম শিক্ষা দেন। মাসে একদিন সব এলাকা থেকে সম্মানিত মুসল্লিদেরকে দাওয়াত দিয়ে মারকাযের মাসিক দ্বীনি মাজলিসে নিয়ে আসা হয়। এখানেও তাদের জরুরী দুআ, সূরা কেরাত মাশক করানো হয়। জরুরী মাসায়েল ও ইলম শিক্ষাদান করা হয়।

সেই সাথে মারকাযের আশেপাশের এলাকার অসহায় মানুষদেরকে বিভিন্ন সময়ে বিভিন্ন উপলক্ষ্যে বিশেষ অনুদান প্রদান করা হয়। এতে সমাজের সাথে মাদরাসার একটি সুন্দর সম্পর্ক গড়ে ওঠে।

আরবি ভাষা প্রশিক্ষণ
বিষয়ে মারকাযের খন্ডকালীন কোর্সসমূহ :

:: প্রথম ও দ্বিতীয় সাময়িক পরীক্ষার বিরতিতে ৫ দিনব্যাপী কোর্স।

:: মধ্য শাবান থেকে ১০ বা ১২ দিনব্যাপী কোর্স।

:: ১ রমজান থেকে ১৫ রমজান পর্যন্ত ১৫ দিনব্যাপী কোর্স।

:: এছাড়াও বিভিন্ন উপলক্ষে দিনব্যাপী কর্মশালা ও প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়ে থাকে।

কোর্সগুলোতে যা শেখানো হয় :

:: গুরুত্বের সাথে আরবি মুকালামাহ বা কথোপকথন শিক্ষাদান।

:: বিশুদ্ধরূপে আরবি পাঠ প্রশিক্ষণ।


:: প্রয়োজনীয় আরবি কাওয়ায়েদ বা নাহু-সরফের অনুশীলন।

:: বাক্যগঠন, অনুবাদ ও চিঠি-পত্র লেখার পদ্ধতি শিক্ষাদান।

:: স্তরভেদে মিডিয়া আরবির প্রাথমিক পাঠ।

:: খত্তে রুক'আর প্রাথমিক অনুশীলন।

এযাবত মারকাযের উদ্যোগে সর্বমোট অফলাইনে ১৫ টি, অনলাইনে ১৪ টি আরবি ভাষা কোর্স এবং অনলাইনে আরবি মুকালামাহ কোর্স হয়েছে ২ টি। এই কোর্সগুলোর মাধ্যমে দেশ ও বিদেশ থেকে কয়েক হাজার ইমাম, খতিব, শিক্ষক ও শিক্ষার্থী উপকৃত হয়েছেন আলহামদুলিল্লাহ।



মারকাযুল লুগার গুরুত্বপূর্ণ কিছু আয়োজন

মারকাযুল লুগায় এযাবত অনেকগুলো ব্যতিক্রমী আয়োজন হয়েছে। এই আয়োজন বা অনুষ্ঠানগুলো তালিবুল ইলমদের জন্য ছিল অনেক উপকারী। অত্যন্ত মুফীদ। সেই বিশেষ কার্যক্রমগুলোর মধ্যে অন্যতম :

এক. ইলমী মুহাযারা:

মারকাযুল লুগায় ছাত্রদের ইলমী উৎকর্ষের লক্ষ্যে মাঝে মাঝেই ইলমী মুহাযারার আয়োজন করা হয়। দেশের শীর্ষস্থানীয় উলামায়ে কেরাম মারকাযে তাশরীফ এনে ইলমী মুহাযারা পেশ করেন। আলহামদুলিল্লাহ এপর্যন্ত প্রায় ত্রিশের অধিক এমন মুহাযারা অনুষ্ঠিত হয়েছে।

দুই. আরবি ভাষাবিদ বিষয়ক সেমিনার :

আলহামদুলিল্লাহ মারকায প্রতিষ্ঠার বছর থেকেই আরবি ভাষাবিদ ও সাহিত্যিকদের জীবন ও কর্ম নিয়ে ব্যতিক্রমধর্মী এক সেমিনারের আয়োজন শুরু করে। বিষয়টি সকল আরবি ভাষাপ্রেমীরা পছন্দ করেন। দূরদূরান্ত থেকে অনেকেই সেসব সেমিনারগুলোতে হাজির হয়ে উপকৃত হন। এপর্যন্ত তিনজন মনীষীর জীবন ও কর্ম বিষয়ে তিনটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মনীষী তিনজন হচ্ছেন :

ক. ইমাম সিবাওয়াইহ রহ.

খ. শায়েখ ওয়াজেহ রশীদ নদভী রহ.

গ. শায়েখ শহীদুল্লাহ ফজলুল বারী রহ.

তিন : মুলতাকা সুফারাউল লুগাহ :

মারকাযুল লুগার আয়োজনে অনুষ্ঠিত হয়েছে এক অনন্য অসাধারণ অনুষ্ঠান। যেখানে সমবেত হয়েছেন বাংলাদেশে আরবি ভাষার খেদমতে নিয়োজিত শিক্ষক, প্রশিক্ষক এবং বিভাগ ও প্রতিষ্ঠানের প্রধানবৃন্দ। এমন ব্যতিক্রমী আয়োজন প্রথমবারের মতো মারকাযের উদ্যোগে আয়োজিত হওয়ায় আমন্ত্রিত সকলেই অত্যন্ত খুশি হয়েছেন। মারকাযের কৃতজ্ঞতা ও শুকরিয়া আদায় করেছেন।

আলহামদুলিল্লাহ, মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ উলামায়ে কেরামের পরামর্শে আরবি ভাষা ও সাহিত্যের বহুমুখী খেদমতের নিয়তে বিশাল স্বপ্ন নিয়ে প্রতিষ্ঠিত হয়েছে। ধীরে ধীরে তা বাস্তবায়নের চেষ্টা চালিয়ে যাচ্ছে। মারকাযের এসব কার্যক্রম যেন সহজেই চলতে পারে, সেজন্য আপনাদের সকলের দুআ, পরামর্শ ও সহযোগিতা কামনা করছি।

বিনীত

মহিউদ্দীন ফারুকী

প্রতিষ্ঠাতা পরিচালক : মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ

মোবাইল : ০১৭৩৬২১১৭৫৫

ইমেইল : mohiuddinfaroqi@gmail.com

ব্যাংক একাউন্ট নাম্বার :

md. mohiuddin

Ac# 20502050204501308

Islami bank Bangladesh Ltd.

Dhanmondi Branch.


Dhaka

শেষ কথা

"প্রিয় তালিবুল ইলম! এটি একবার শেষ করে রেখে দেয়া বা কাউকে দিয়ে দেয়ার কিতাব নয়, বরং সবসময় কিতাবটিকে নিজের কাছে রাখতে হবে এবং বারবার পড়তে হবে। মাঝেমাঝেই বিভিন্ন অংশ থেকে চর্চা করতে হবে। মোটকথা, এই কিতাব থেকে ইসতিফাদার ধারা অব্যাহত রাখতে হবে। এভাবেই একসময় আরবি ভাষায় বিশেষ দক্ষতা অর্জিত হবে এবং এই ভাষা নিজের একান্ত আপন হয়ে যাবে ইনশাআল্লাহ !"

للمراسلة حول تصحيح الأخطاء المطبعية وإبداء الملاحظة:

01736211755 (শুধু হোয়াটসঅ্যাপ)
mohiuddinfaroqi@gmail.com



نَحنُ نُحاوِلُ أَن نُعلِّمَ الطُّلابَ
الأدبَ الإسلامِيّ
مَع الأدَبِ العَربِيّ.

محيي الدين الفاروقي



দারুল আরাবিয়্যাহ
মারকাযুল লুগাতিল আরাবিয়্যাহ বাংলাদেশ
ওয়াশপুর, মুহাম্মদপুর, ঢাকা
যোগাযোগ: ০১৯২৩৬২৩৬৮৩, ০১৭৩৬২১১২৫২